আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়

জাতীয় বীমা দিবস

বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে

১ মার্চ ২০২২

স্মরণিকা

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



জাতির পিতা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

জাতীয় বীমা দিবস

বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে

মাননীয় প্রধানমন্ত্রী
শেখ হাসিনা

জাতীয়
বীমা
দিবস

বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে

জাতীয় বীমা দিবস

বীমায় সুরক্ষিত থাকলে
এগিয়ে যাব সবাই মিলে

জাতীয় বীমা দিবস

বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

বাণী

১৬ ফাল্গুন ১৪২৮
১ মার্চ ২০২২

'বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে' এ প্রতিপাদ্যকে সামনে রেখে তৃতীয়বারের মতো জাতীয় বীমা দিবস পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষ্যে আমি বীমা প্রতিষ্ঠান, গ্রাহকসাধারণসহ বীমা শিল্পের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের মুক্তিকামী মানুষকে সকল প্রকার শোষণ ও বঞ্চনা থেকে মুক্তি দিয়ে স্বনির্ভর ও আত্মমর্যাদাসম্পন্ন জাতি হিসেবে পৃথিবীর বুকে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে আজীবন অক্লান্ত পরিশ্রম করে গিয়েছেন। তাঁর রাজনৈতিক জীবনের অধিকাংশ সময় অতিবাহিত হয়েছে জেল-জুলুম সহ্য করে এবং কঠিন আত্মত্যাগের মধ্যদিয়ে। তিনি ১৯৬০ সালের ১ মার্চ আলফা ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেডে যোগদানের মাধ্যমে বীমাকে পেশা হিসেবে গ্রহণ করেছিলেন। এ দিনটি স্মরণে প্রতিবছর ১ মার্চ জাতীয় বীমা দিবস পালন বঙ্গবন্ধুর প্রতি সম্মান প্রদর্শনের পাশাপাশি বীমা শিল্পের উন্নয়নেও সহায়ক ভূমিকা রাখছে।

একটি কল্যাণ রাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থায় বীমা অন্যতম অনুষঙ্গ। মানুষের জীবন ও সম্পত্তি বিভিন্ন ধরনের ঝুঁকির মধ্যে থাকে। এসকল ঝুঁকি ব্যবস্থাপনার মতো জটিল কাজ আর্থিক খাতে একমাত্র বীমার মাধ্যমেই করা হয়ে থাকে। সমাজে বয়োবৃদ্ধদের স্বাস্থ্য ঝুঁকি নিরসন এবং পেনশন বীমার মাধ্যমে সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার জন্যও বীমা একটি কার্যকর ব্যবস্থা হিসেবে কাজ করছে। তাই ব্যবসা-বাণিজ্যের জন্য নন-লাইফ বীমা এবং জীবনের ঝুঁকির জন্য জীবন বীমা ও স্বাস্থ্য বীমা খুবই গুরুত্বপূর্ণ। ৩৫টি লাইফ ও ৪৬টি নন-লাইফ ইন্স্যুরেন্স মিলে দেশে বর্তমানে ৮১টি বীমা প্রতিষ্ঠান তাদের কার্যক্রম পরিচালনা করছে। সাধারণ জনগণই বীমা শিল্পের প্রাণ। একমাত্র গ্রাহকের আস্থা অর্জনের মাধ্যমেই এ শিল্পের বিকাশ সম্ভব। তাই বীমা সেবাকে একটি নির্ভারযোগ্য আর্থিক নিরাপত্তা বিধানের মাধ্যম হিসেবে প্রতিষ্ঠার জন্য বীমা প্রতিষ্ঠানসমূহকে আরও নিষ্ঠা এবং পেশাদারিত্বের সাথে কার্যক্রম পরিচালনা করতে হবে। গ্রাহকের বীমা দাবি যথাসময়ে পরিশোধ, আন্তর্জাতিকভাবে স্বীকৃত নীতিসমূহ প্রতিপালন, তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বচ্ছতা নিশ্চিতকরণ ও গ্রাহকবান্ধব সেবা প্রদানে এগিয়ে আসতে আমি বীমা সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি। আমি বাংলাদেশের বীমা শিল্পের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

'জাতীয় বীমা দিবস ২০২২' উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি সফল হোক-এ কামনা করছি।

জয় বাংলা।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

জাতীয়
বীমা
দিবস

বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

১৬ ফাল্গুন ১৪২৮
১ মার্চ ২০২২

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর বীমা পেশায় যোগাদানের স্মৃতি বিজড়িত ১ মার্চ 'জাতীয় বীমা দিবস' পালন হচ্ছে জেনে আমি আনন্দিত। এবারের বীমা দিবসের প্রতিপাদ্য 'বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে' যথার্থ হয়েছে বলে আমি মনে করি।

জাতীয় অর্থনীতিতে বীমার গুরুত্ব এবং এর অবদানের বিষয়টি বিবেচনা করে স্বাধীনতার পর বীমা শিল্পকে অধিকতর অগ্রাধিকার দিয়ে উন্নয়নের লক্ষ্যে বঙ্গবন্ধুর সরকার ১৯৭২ সালে বাংলাদেশ ইন্সুরেন্স (জাতীয়করণ) আদেশ-১৯৭২ জারি করে ৪৯টি দেশি-বিদেশি বীমা কোম্পানিকে জাতীয়করণের মাধ্যমে সুরমা, রূপসা, তিস্তা এবং কর্ণফুলি নামক ৪টি বীমা কর্পোরেশন গঠন করেছিলেন। একই সঙ্গে এই চারটি প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করার লক্ষ্যে জাতীয় বীমা কর্পোরেশন গঠন করেন। পরবর্তীতে অল্প সময়ের মধ্যে দেশের বীমা শিল্পের উন্নয়নে 'ইন্স্যুরেন্স কর্পোরেশন আইন-১৯৭৩' প্রণয়ন করে এই ৪টি কর্পোরেশনকে ভেঙ্গে 'জীবন বীমা কর্পোরেশন' এবং 'সাধারণ বীমা কর্পোরেশন' নামে দু'টি পৃথক বীমা কর্পোরেশন গঠন করেন। এ দু'টি কর্পোরেশন এখনও দেশে বীমা ব্যবসা পরিচালনার মাধ্যমে দেশের জনগণকে বীমা সেবা দিয়ে আসছে। বীমা প্রতিষ্ঠানসমূহকে নিয়ন্ত্রণ করার জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে বীমা অধিদপ্তর গঠন করেন।

বীমা শিল্পের উন্নয়নের জাতির পিতার দেখানো পথ অনুসরণ করে ২০০৯ সাল থেকে ধারাবাহিকভাবে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেয়ে আওয়ামী লীগ সরকার বীমার গুরুত্ব ও সুফল জনগণের নিকট পৌঁছানোর লক্ষ্যে বিভিন্ন সংস্কারমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। পুরাতন বীমা আইন-১৯৩৮ কে রহিত করে সময়োপযোগী 'বীমা আইন-২০১০' এবং 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন-২০১০' প্রণয়ন পূর্বক তৎকালীন বীমা অধিদপ্তরকে বিলুপ্ত করে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠন করা হয়। 'জাতীয় বীমা নীতি-২০১৪' বাস্তাবায়নের মাধ্যমে বীমা খাতের বিকাশে আমাদের সরকার যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে। বিদেশগামী বাংলাদেশি কর্মীদের জন্য প্রবাসী কর্মী বীমা, বন্যা ও প্রাকৃতিক দুর্যোগের ক্ষতি মোকাবিলায় হাওড় এলাকায় সীমিত পরিসরে আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমা চালু করা হয়েছে।

বীমা গ্রাহকদের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে State-of-the-art technology সম্পন্ন Unified Messaging Platfrom (UMP) পদ্ধতি চালু করা হয়েছে। পদ্মা বহুমুখী সেতু প্রকল্প, মেট্রোরেল প্রকল্প, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের মতো বৃহৎ প্রকল্পগুলোর বীমা ঝুঁকি আবরণ ও পুনঃবীমা করে দেশের অর্থনৈতিক উন্নয়নে সাধারণ বীমা কর্পোরেশন বিশেষ অবদান রাখার পাশাপাশি বীমার প্রসার এবং বীমা শিল্পে দেশীয় প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির সুযোগ সৃষ্টি করছে।

টেকসই অর্থনীতিতে ঝুঁকি ব্যবস্থাপনার জন্য বীমা জরুরী। বর্তমানে উন্নত দেশসমূহে মানুষের জীবন ও সম্পদের নিরাপত্তা নিশ্চিতে বীমা ব্যবস্থাকেই বেছে নিয়েছে। ২০২১ সালে বিশ্বে বীমাখাতে মোট প্রিমিয়াম আয়ের পরিমাণ ছিল ৬.৩ ট্রিলিয়ন মার্কিন ডলার। অন্যদিকে এখাতে ২০২১ সালে বাংলাদেশের মোট প্রিমিয়াম আয় ছিল ১.৭১ বিলিয়ন মার্কিন ডলার। ২০০৮ হতে ২০২১ সাল পর্যন্ত প্রিমিয়াম আয় ১৭০ শতাংশ বৃদ্ধি পেলেও বাংলাদেশে বীমা পেনিট্রেশন মাত্র ০.৫৬ শতাংশ। বীমার পেনিট্রেশন বৃদ্ধিতে গ্রাহকগণের প্রতি বীমা প্রতিষ্ঠানসমূহের প্রতিশ্রুতির যথাযথ পরিপালন আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। গ্রাহকদের প্রয়োজন অনুযায়ী উদ্ভাবনী ধারণা নিয়ে বীমা পণ্য বাজারজাত করতে হবে। সরকারি ভাতা সহায়তা বা ভর্তুকির চেয়ে মানুষের জীবন ও সম্পদের ঝুঁকি বা আপদকালীন সময়ে বীমা অধিক কার্যকর বিকল্প হতে পারে।

টেকসই বীমা শিল্পের স্বার্থে সুশাসন প্রতিষ্ঠায় বীমা প্রতিষ্ঠানসমূহকে আরও সচেতন হতে হবে। বৈশ্বিক অর্থনৈতিক কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে ডিজিটালাইজেশনের মাধ্যমে জনগণের দোরগোড়ায় বীমা সেবা পৌঁছে দিতে হবে। পাশাপাশি প্রচলিত বিপণন পদ্ধতিতে আধুনিকতার সমন্বয় ঘটাতে হবে। সর্বোপরি বীমার যে অপার সম্ভাবনা রয়েছে তা নিশ্চিত করা সম্ভব হলে আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধি আরও বেগবান হবে বলে আমি আশ করি।

জাতির পিতার জন্মশতবর্ষে তাঁর স্মৃতি বিজড়িত আজকের এই দিনে বীমার শুভবার্তা দেশের সকল নাগরিকের নিকট পৌঁছে যাক, দেশের সকল মানুষ এবং সম্পদ বীমা সেবার আওতায় আসুক-এই প্রত্যাশায় আমি জাতীয় বীমা দিবস ২০২২-এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

জাতীয় বীমা দিবস

বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে

বাণী

মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৬ ফাল্গুন ১৪২৮
১ মার্চ ২০২২

আগামী ১ মার্চ ২০২২ দেশব্যাপী জাতীয় বীমা দিবস উদযাপিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। বীমা শিল্পের উন্নয়নের সাথে বাংলাদেশের আর্থিক খাতের উন্নয়ন ওতপ্রোতভাবে জড়িত। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬০ সালের ১ মার্চ তৎকালীন আলফা ইন্স্যুরেন্স কোম্পানীতে এ অঞ্চলের প্রধান হিসেবে যোগদান করেন। বীমা শিল্পে বঙ্গবন্ধুর যোগদানের তারিখকে যথাযোগ্য মর্যাদা দিয়ে স্মরণীয় করে রাখতে ১ মার্চকে জাতীয় বীমা দিবস হিসেবে ঘোষণা করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ শিল্পকে গর্বিত করেছেন।

জাতির পিতার আজীবনের স্বপ্ন ছিল একটি দারিদ্রমুক্ত ও শোষণমুক্ত সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ে তোলা। জাতির পিতার সেই অর্থনৈতিক দর্শন অনুসরণ করে তারই রক্তের উত্তরাধিকার বর্তমান প্রজন্মের কিংবদন্তি ও আধুনিক বাংলাদেশের রূপকার মাননীয় প্রধামন্ত্রী শেখ হাসিনার দুরদর্শী ও হিরন্ময়ী নেতৃত্বে কোভিড পূর্ব গত এক দশক গড়ে ৭.৪% অভূতপূর্ব অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। এমনকি অপ্রত্যাশিত অভিঘাত কোভিড-১৯ মহামারী কালে গত বছর যেখানে বৈশ্বিক অর্থনীতি ৩% সংকুচিত হয়েছে, এমন ক্রান্তিকালেও বেশ কয়েকটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের জরিপ অনুযায়ী বাংলাদেশ শীর্ষ পাঁচটি সহনশীল অর্থনীতির মধ্যে রয়েছে এবং ২০২০-২১ অর্থবছরের ৬.৯৪ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। যুক্তরাজ্যের Center for Economics and Business Research -এর অতি সাম্প্রতিক এক গবেষণায় দেখানো হয়েছে, ২০৩৬ সালেই বাংলাদেশ বিশ্বের ২৪তম বৃহৎ অর্থনীতির দেশে পরিণত হবে। আমাদের এখন লক্ষ্য এ সাফল্যের ধারাবাহিকতায় ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে ২০৩১ সালে উচ্চ মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া; ২০৪১ সালের মধ্যে সম্পূর্ণ ক্ষুধা-দারিদ্রমুক্ত জ্ঞানভিত্তিক এক উন্নত দেশে পরিণত হওয়ার মাধ্যমে জাতির পিতার অন্তর মন প্রথিত সোনার বাংলাদেশের স্বপ্ন পূরণের সুবর্ণ রেখাটি স্পর্শ করা।

দেশে বীমার চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে, সরকার বীমা খাতের উন্নয়ন ও প্রসারের ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে। গ্রাহক স্বার্থকে সর্বাধিক গুরুত্ব দিয়ে বীমা দাবি পরিশোধে বিশেষ যত্নবান হওয়ায় বীমা খাতের প্রতি জনসাধারণের আস্থা বৃদ্ধি পাচ্ছে। বিপুল সংখ্যক শিক্ষিত ও কর্মক্ষম জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে এ শিল্প কর্মসংস্থান সৃষ্টিতে ব্যাপক ভূমিকা রাখছে। দেশের অর্থনীতিতে উন্নয়নের ধারা অব্যাহত রেখে সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়ন করে বাংলাদেশকে সম্পূর্ণ আত্মনির্ভরশীল উন্নত রাষ্ট্র হিসেবে বিশ্ব দরবারে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বীমা শিল্পও দারিদ্র্য দূরীকরণ, টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের মাধ্যমে বিশেষ ভূমিকা পালন করবে বলে প্রত্যাশা ব্যক্ত করছি।

জাতীয় বীমা দিবসের সকল আয়োজন সফল করার জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম, বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়ার্স এসোসিয়েশনসহ সকল বীমা প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে' প্রতিপাদ্যে আয়োজিত জাতীয় বীমা দিবস, ২০২২ এর সার্বিক সাফল্য এবং বীমা শিল্পের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

বাংলাদেশ চিরজীবী হোক।

আ হ ম মুস্তাফা কামাল, এফসিএ, এমপি

বাণী

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৬ ফাল্গুন ১৪২৮
১ মার্চ ২০২২

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন (এসডিজি) লক্ষ্যমাত্রা অর্জন ও ২০৪১ সালের মধ্যে উন্নত বিশ্বের কাতারে সামিল হওয়ার দৃঢ় প্রত্যয়ে জোর কদমে এগিয়ে চলছে বাংলাদেশ। এ অগ্রযাত্রার পথকে সুগম করতে মুজিব জন্মশতবার্ষিকীতে 'বীমার সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে' প্রতিপাদ্যকে সামনে রেখে ১ মার্চ ২০২২ তারিখ তৃতীয়বারের মতো জাতীয় বীমা দিবস উদযাপিত হতে যাচ্ছে। এ দিবস উপলক্ষে আমি বীমা শিল্পের সাথে সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বীমা শিল্পে যোগদানের দিন অর্থাৎ ১ মার্চ কে স্মরণীয় করে রাখার জন্য ২০২০ সাল থেকে প্রতিবছর এ দিনকে জাতীয় বীমা দিবস হিসেবে পালন করা হচ্ছে। উন্নত দেশসমূহের জিডিপিতে বীমার অবদান উল্লেখযোগ্য হলেও বাংলাদেশের জিডিপিতে বীমাখাতের অবদান এখনও কাঙ্খিত পর্যায়ে উন্নীত করা সম্ভব হয়নি। দেশে এ খাতের উন্নয়নের অপার সুযোগ রয়েছে। এ বিবেচনায় বীমা শিল্পে উন্নয়ন ও এর সুষ্ঠু তত্ত্বাবধানে বর্তমান সরকার পুরাতন বীমা আইন রহিত করে বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ প্রণয়ন করেছে। বীমা শিল্পকে গতানুগতিক ধারা থেকে বের করে এ শিল্পের স্বচ্ছতা, জবাবাদিহিতা নিশ্চিত করে এর সার্বিক উন্নয়নে সরকার সময়োপযোগী মহুমুখী সংস্কার কার্যক্রম অব্যাহত রেখেছে। বীমা শিল্পকে আধুনিকায়ন করার লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে Bangladesh Insurance Sector Development Project (BISDP) বাস্তবায়নাধীন রয়েছে। আশা করা যাচ্ছে যে, এ প্রকল্পের মাধ্যমে বীমা শিল্পে অটোমেশনসহ কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব হবে।

একটি কল্যাণ রাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থায় বীমা অন্যতম অনুষঙ্গ। বীমা খাতের সার্বিক উন্নয়নে বীমা সম্পর্কে মানুষের ইতিবাচক ধারণা ও সচেতনতা সৃষ্টি, বীমা খাতে পেশাদারিত্ব আনয়ন এবং আর্থিক শৃঙ্খলা বজায় রাখার জন্য সরকার বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো দেশে অ্যাকচুয়ারির সংকট দূরীকরণে যুক্তরাজ্যের সিটি ইউনিভার্সিটি অব লন্ডনে অ্যাকচ্যুয়ারিয়াল সাইন্স বিষয়ে অধ্যয়নের জন্য বৃত্তি প্রদান, ব্যাংকাস্যুরেন্স (Bancassurance) চালুর কার্যকর উদ্যোগ গ্রহণ ইত্যাদি। এছাড়া সময়োপযোগী পরিকল্প হিসেবে প্রবাসী বীমা, বঙ্গবন্ধু শিক্ষা বীমা, বঙ্গবন্ধু সুরক্ষা বীমা চালু করা হয়েছে। এ বছরের জাতীয় বীমা দিবসে 'প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বঙ্গবন্ধু সুরক্ষা বীমা' চালুর কার্যক্রম হাতে নেয়া হয়েছে। কোভিড-১৯ অতিমারির কারণে বাংলাদেশের জনগনের মধ্যে জীবন ও স্বাস্থ্যের ঝুঁকি এবং আর্থিক নিরাপত্তা সম্পর্কে যে সচেতনতা সৃষ্টি হয়েছে তা বিবেচনায় নিয়ে বীমা গ্রহকদের চাহিদা ও সর্বোত্তম সেবা প্রদান এবং তাদের জন্য উপযুক্ত বীমা পরিকল্প প্রণয়ন করে বীমা শিল্পকে আরো সমৃদ্ধ করার সুযোগ রয়েছে মর্মে আমি বিশ্বাস করি।

বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বীমা শিল্প কাঙ্ক্ষিত ভূমিকা রাখতে সক্ষম হবে বলে আমার দৃঢ় বিশ্বাস। আমি 'জাতীয় বীমা দিবস' উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সফলতা কামনা করছি।

শেখ মোহাম্মদ সলীম উল্লাহ

বাণী

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

১৬ ফাল্গুন ১৪২৮
১ মার্চ ২০২২

স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬০ সালের ১ মার্চ তৎকালীন আলফা ইন্স্যুরেন্স কোম্পানিতে এ অঞ্চলের প্রধান হিসেবে যোগদান করেন। তাঁর যোগদানের তারিখটিকে চিরস্মরণীয় করে রাখার জন্য সরকার ১ মার্চকে 'জাতীয় বীমা দিবস' হিসেবে ঘোষণা করেছে। 'বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে' এ প্রতিপাদ্যকে সামনে রেখে ১ মার্চ ২০২২ তারিখে দেশব্যাপী জাতীয় বীমা দিবস উদযাপিত হতে যাচ্ছে। আমি সংশ্লিষ্ট সকলকে জাতীয় বীমা দিবসের শুভেচ্ছা জানাচ্ছি। সরকার ইতোমধ্যে রুপকল্প-২০৪১ ও ডেল্টা প্ল্যান-২১০০ ঘোষণা করেছে এবং তা বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিতে অর্থনৈতিক স্থবিরতায় মানুষের জীবন-জীবিকার নিরাপত্তা নিশ্চিতকরণ ও ঝুঁকি নিরসনে বীমার গুরুত্ব নতুনভাবে প্রতিভাত হচ্ছে। বাংলাদেশের বীমা খাতের উন্নয়ন তথা অটোমেশনের জন্য সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়নে একটি প্রকল্পের কাজ চলমান রয়েছে। বীমা খাতে বিরাজমান সমস্যাগুলো চিহ্নিত করে তা নিরসনের উদ্দেশ্যে সরকারের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে কাজ করে যাচ্ছে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

বীমা সম্পর্কে জনসাধারণের ধারণাকে ইতিবাচক করতে এবং বীমা শিক্ষা প্রসারের নিমিত্তে কর্তৃপক্ষ দেশব্যাপী ব্যাপক প্রচারণার উদ্যোগ নিয়েছে। বীমা শিক্ষাকে আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমীকে বঙ্গবন্ধু ন্যাশনাল ইনসিওরেন্স ইন্সটিটিউটে রুপান্তরের জন্য আইন প্রণয়নসহ সামগ্রিক কার্যক্রম চলমান রয়েছে। বীমা খাতের ভাবমূর্তি উজ্জল করণে কর্তৃপক্ষ বীমা দাবি পরিশোধের ওপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে বীমা প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা প্রদান করে আসছে। ফলে বীমা দাবি পরিশোধের হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। লাইফ বীমাকারীর মাঠ পর্যায়ের সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাস করাসহ বীমা খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে লাইফ ও নন-লাইফ বীমাকারীর একইরুপ সাংগঠনিক কাঠামো প্রবর্তণ করা হয়েছে। এছাড়া, দেশের একচ্যুয়ারির সংকট কাটিয়ে উঠতে সরকার একচ্যুয়ারিয়াল সায়েন্স বিষয়ে অধ্যয়নের জন্য বৃত্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। বীমা শিল্পের বিপণন ব্যবস্থা আধুনিক বিশ্বের সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে কর্পোরেট এজেন্টসহ ব্যাংকাস্যুরেন্স (Bancassurance) পদ্ধতি চালুর জন্য বাংলাদেশ ব্যাংক এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ যৌথভাবে কাজ করে যাচ্ছে।

প্রবাসে কর্মরত লক্ষ লক্ষ কর্মীর ঝুঁকি নিরসনে 'প্রবাসী বীমা' চালু করা হয়েছে। জাতির পিতার জন্মশতবার্ষিকীতে সামাজিক সুরক্ষা নিশ্চিত করার জন্য বেশ কিছু বীমা পরিকল্প চালু করা হয়েছে। শিক্ষার্থীদের অভিভাবকের অকাল মৃত্যুতে বা শারীরিক অক্ষমতায় তাদের শিক্ষা জীবন অব্যাহত রাখার বিষয়টি বিবেচনায় নিয়ে ৩ থেকে ১৭ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' পরিকল্পটি কর্তৃপক্ষের অর্থায়নে চালু করা হয়েছে। সর্বসাধারণের দুর্ঘটনাজনিত ক্ষয়-ক্ষতি রোধকল্পে 'বঙ্গবন্ধু সুরক্ষা বীমা' চালু করা হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের সুরক্ষার্থে তৈরী করা হয়েছে "প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বঙ্গবন্ধু সুরক্ষা বীমা"। এছাড়াও, ভবন বীমা, শস্য বীমা, রেলওয়ে-বাস যাত্রীদের বীমা, গবাদিপশুর বীমাসহ নানাবিধ বীমা সুবিধা চালু প্রক্রিয়াধিন রয়েছে।

জাতীয় বীমা দিবস ২০২২ এর সকল আয়োজন সফল করার জন্য আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম, বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়র্স এসোসিয়েশন, সকল বীমা প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

আমি জাতীয় বীমা দিবস ২০২২ এর সার্বিক সাফল্য কামনা করছি।

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ

বাণী

প্রেসিডেন্ট
বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন

১৬ ফাল্গুন ১৪২৮
১ মার্চ ২০২২

১ মার্চ, ২০২২ ৩য় বার "জাতীয় বীমা দিবস" পালিত হতে যাচ্ছে জেনে আমি খুবই আনন্দিত। এ বৎসর মহামারী করোনার কারণে দিবসটি পালনে কিছুটা বিঘ্ন হলেও লক্ষ্য অর্জনে কোন ঘাটতি থাকবে না বলে আমি মনে করি। এ দিবস পালনের প্রাক্কালে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি বাংলাদেশের বীমা শিল্পের ইতিহাসে ভূমিকা গ্রহণকারী হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আপনাকে। যিনি ১৯৬০ সালের ১ মার্চ তদানিন্তন আলফা ইন্স্যুরেন্স কোম্পানীতে যোগদান করেছিলেন। রাজনীতির প্রতিকূল অবস্থায় তিনি মহান স্বাধীনতা আন্দোলনের পক্ষে জনমত গড়ে তোলার জন্য বীমা শিল্পকে বেছে নিয়েছিলেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসার পর বীমা শিল্পকে গুরুত্ব দিয়ে সমৃদ্ধ করেছেন। তিনি বীমা আইন ২০১০ পাশ করার মাধ্যমে বীমা শিল্পে নতুন অধ্যায় সূচনা হয়েছে। তিনি আন্তর্জাতিক মানের বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করেন। সর্বোপরি বীমা শিল্পের উন্নয়ন ও বীমা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা ১ মার্চকে "জাতীয় বীমা দিবস" হিসাবে ঘোষণা করেন এবং তারই ধারাবাহিকতায় প্রতি বৎসরের ন্যায় এ বৎসরও সারাদেশ ব্যাপী উৎসাহ উদ্দীপনায় দিবসটি পালিত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী আপনি বীমা সংশ্লিষ্ট সকল জাতীয় অনুষ্ঠান ও আন্তর্জাতিক সম্মেলনে উপস্থিত থেকে আমাদেরকে অনুপ্রানিত করেছেন, সে জন্য আপনার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আজকের এই মহান দিনে আমাদের সকলকে বীমা শিল্পকে সমৃদ্ধ করার জন্য যার যার অবস্থান থেকে ঐকান্তিক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। এই সেক্টরের সাথে জড়িত সকলকে বীমার পেনিট্রেশন রেট বৃদ্ধি করে দেশের মানুষকে বেশি বেশি করে বীমার সঙ্গে সম্পৃক্ত করতে হবে। এবারের শ্লোগান "বীমায় সুরক্ষিত থাকলে এগিয়ে যাব সবাই মিলে" এ জন্য সাধারণ মানুষের উপযোগী নতুন নতুন প্রোডাক্ট তৈরি করে তাদেরকে বীমার প্রতি আকৃষ্ট করতে হবে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা শিল্পের উন্নয়নে নানাবিধ প্রশংসনীয় উদ্যোগ গ্রহণ করেছে। আজকের এই জাতীয় বীমা দিবসে আমাদের সকলের অঙ্গীকার হোক- "বীমা দাবী সময়মত পরিশোধ করব; মানুষের আস্থা ফিরিয়ে আনব"।

পরিশেষে আমি জাতীয় বীমা দিবসের সার্বিক সফলতা কামনা করি এবং বীমা শিল্পের উত্তোরত্তর সমৃদ্ধি হোক এই কামনা করি এবং এ দিবস উদযাপনে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু। বাংলাদেশ চিরজীবি হোক।

শেখ কবির হোসেন

বাণী

প্রেসিডেন্ট
বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম

১৬ ফাল্গুন ১৪২৮
১ মার্চ ২০২২

জাতীয় পর্যায়ে তৃতীয়বারের মত 'জাতীয় বীমা দিবস ২০২২" উদযাপিত হচ্ছে জেনে আমরা অনেক আনন্দিত ও অনুপ্রানিত। বাঙ্গালী জাতির স্বপ্নদ্রষ্টা হাজার বছরের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বীমা শিল্পের সাথে স্মৃতিবিজড়িত ১ মার্চ দিনটি বীমা সেক্টরের সাথে জড়িত আমাদের সকলের নিকট একটি গুরুত্বপূর্ন এবং গৌরবময় দিন। বাংলাদেশের উন্নয়নের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী দেশরত্ন শেখ হাসিনার মহানুভবতায় আমরা এই বিশেষ দিনটি "বীমা দিবস" হিসাবে উপহার পেয়েছি। এ জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ ও গভীর কৃতজ্ঞতা জানাই।

মুজিব শতবর্ষ এবং মহান স্বাধীনতার সুবর্নজয়ন্তী এক সাথে পালন করতে পেরে আমরা অনেক উৎফুল ও আবেগপ্লুত। আমিগভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি হাজার বছরের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে যাঁর স্মরণে দেশব্যাপী পালিত হচ্ছে "মুজিব শতবর্ষ"। তাঁরই নেতৃত্বে আমরা পেয়েছি একটি স্বাধীন রাষ্ট্র ও পতাকা। আমি স্বাধীনতার এই মাসে আরো স্মরণ করছি মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল বীর শহীদকে।

বৈশ্বিক মহামারি ঈড়ারফ-১৯ এর কারণে বিশ্বের অধিকাংশ দেশ যখন বিপদগ্রস্থ ও দিশেহারা তখন আমাদের মাননীয় প্রধানমন্ত্রী অত্যন্ত বিচক্ষনতা ও সাহসের সহিত তা মোকাবেলা করেছেন। মানুষের জীবন ও জীবিকা সচল রাখার জন্য মাননীয় প্রধানমন্ত্রী যে দিক নির্দেশনা দিয়েছেন, বীমা শিল্পে আমরা তা পুরোপুরি অনুসরণ করার চেষ্টা চালিয়ে যাচ্ছি যার ফলে এই সেক্টর এখন পর্যন্ত বড় কোন সংকটে পড়েনি।

অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সহযোগিতায় আমরা বীমার সুবিধা সম্পর্কে জনগনকে সচেতন করার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহন করেছি এবং সঠিক সময়ে ও দ্রুততার সহিত বীমা দাবী পরিশোধের ব্যবস্থা গ্রহন করায় বীমা শিল্পের প্রতি মানুষের আস্থা অনেকাংশে বৃদ্ধি পাচ্ছে।

এ বছর বীমা দিবসের প্রতিপাদ্য "বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে" সত্যিকার অর্থেই গুরুত্বপূর্ন এবং মূল্যবান। কারণ একটি দেশের ন্নয়নের ক্ষেত্রে জনগনের বীমার সুবিধা প্রাপ্তি একান্ত আবশ্যকীয়। অতএব আমরা বীমা দিবস ২০২২ এর প্রতিপাদ্যের সাথে একাত্ম হয়ে বলি, আমরা সবাই বীমার আওতায় আসব এবং নিজের জীবন ও দেশকে সুরক্ষিত রাখব।

"জাতীয় বীমা দিবস ২০২২" এর সাফল্য ও স্বার্থকতা কামনা করি।

বি এম ইউসুফ আলী

সম্পাদনা পরিষদ

জনাব মইনুল ইসলাম
সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
আহবায়ক, ক্রোড়পত্র ও স্যুভেনির প্রকাশনা উপ-কমিটি

জনাব মোহম্মদ সোহরাব উদ্দিন, একচ্যুয়ারি
বীমা ব্যক্তিত্ব

জনাব দাস দেব প্রসাদ
পরিচালক
ন্যাশনাল লাইফ ইন্স্যু: কোঃ লিঃ

জনাব পি. কে. রায়
ব্যবস্থাপনা পরিচালক
রুপালী ইন্স্যুরেন্স কোঃ লিঃ

জনাব মোঃ ইব্রাহিম হোসেইন
চীফ ফ্যাকাল্টি ও পরিচালক (অ: দা:)
বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি - সদস্য

জনাব মোঃ শামসুল আলম খান
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ - সদস্য

জনাব মোঃ আবু মাহমুদ
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ - সদস্য

জনাব মোঃ ইখতিয়ার হাসান খান
কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ - সদস্য

জনাব মোঃ সোহেল রানা
জুনিয়র কর্মকর্তা
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ - সদস্য

জনাব মোঃ আব্দুস সালাম সোনার
পরিচালক (উপসচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ - সদস্য-সচিব

সম্পাদকীয়

সদস্য
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ও আহ্বায়ক, ক্রোড়পত্র ও স্যুভেনির প্রকাশনা উপ-কমিটি

বাংলাদেশের উন্নয়নের সংবাদ আজ দেশ ছাপিয়ে দেশের বাইরে। বিশ্ববাসী কৌতুহলী দৃষ্টিতে দেখছে এ অর্থনৈতিক উত্থানকে। বাংলাদেশ উন্নয়নের এক রোল মডেল এ কথা বিশ্ব আজ সহজেই মানছে। ২০২৬ সালের মধ্যে উন্নয়নশীল ও ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে রূপান্তরিত হওয়া এদেশের জন্য আর স্বপ্ন নয়, খুবই বাস্তব। বাংলাদেশের অভাবনীয় এ অগ্রযাত্রার মিছিলে যোগদিয়ে বীমা খাত অর্থনৈতিক উন্নয়নকে আরও এগিয়ে নিতে সহায়তা করবে এ আমাদের দৃঢ় বিশ্বাস।

বীমা একমাত্র উপায় যা বিপদে আর্থিকভাবে মানুষের পাশে দাঁড়ায় এবং ঝুঁকি প্রশমন করে থাকে। জনবহুল দেশ হওয়ায় বাংলাদেশ হবার কথা বীমার দেশ তা সত্ত্বেও এদেশে বীমার আশানুরূপভাবে প্রসার ঘটছে না। যার জন্য জাতীয় আয়ে এ খাতের অবদান অপ্রতুল। বীমা পরিষেবা জনগণের দোঁরগোড়ায় পৌঁছে দিয়ে বীমার উন্নয়ন, প্রসার ও জন সম্পৃক্ততা বৃদ্ধির জন্য সরকার প্রতিবছর ১ মার্চ 'জাতীয় বীমা দিবস' উদযাপন করছে। ১৯৬০ সালের এই দিনে জাতির পিতা এ পেশায় যুক্ত হন। জাতির পিতার বীমা শিল্পে পদার্পণের দিনটি স্মরণীয় করে রাখতে আমরা প্রকাশ করছি একটি আকর্ষণীয় স্মরণিকা। এ স্মরণিকায় লেখা ও বুদ্ধিদীপ্ত উপদেশ দিয়ে যারা সর্বাত্মক সহযোগিতা করেছেন তাঁদের প্রতি আমার আন্তরিক কৃতজ্ঞতা। স্মরণিকার লেখাগুলো আমাদের চিন্তার জগৎকে আরও শাণিত করবে বলে আমার বিশ্বাস।

স্মরণিকায় বিজ্ঞাপন দিয়ে যারা আর্থিকভাবে সহযোগিতা করেছেন তাদের প্রতি রইল বীমা দিবসের শুভেচ্ছা। সংকলন ও সম্পাদনায় প্রকাশনাটি যারা সাফল্যমন্ডিত করেছেন তাঁদের জানাই অভিনন্দন।

আসুন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বীমা শিল্পে যোগদানের দিন ১ মার্চ 'জাতীয় বীমা দিবস' এর বার্তা আনন্দ উদযাপনে চারিদিকে ছড়িয়ে দেই।

"বীমায় সুরক্ষিত থাকলে এগিয়ে যাব সবাই মিলে" এ প্রতিপাদ্য শপথ হোক আমাদের এবং বীমা দিবসের আমেজ ও উচ্ছ্বাস ছড়িয়ে পড়ুক সবার মাঝে ।

মইনুল ইসলাম

ডিসক্লেইমার

স্মরণিকায় সংকলিত প্রবন্ধসমূহের মতামত ও পরিসংখ্যান লেখকবৃন্দের নিজস্ব, তা কোনক্রমেই কর্তৃপক্ষ বা মন্ত্রণালয়ের মতামত প্রতিফলিত করে না।

সূচিপত্র

- প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বঙ্গবন্ধু সুরক্ষা বীমা ----------
- বীমা জরিপ কি এবং লাইসেন্স প্রাপ্তিতে বীমা জরিপকারীদের করণীয় ----------
- ধর্মীয় দৃষ্টিকোণ থেকে বীমা ও আর্থিক নিরাপত্তা ----------
- বীমাখাতে মানিলন্ডারিংয়ের ঝুঁকি ও প্রতিরোধের উপায়----------
- বাংলাদেশে মোটর ইন্স্যুরেন্সের বাধ্যবাধকতা ----------
- বাংলাদেশের ক্রমবিকাশমান অর্থনীতিতে বীমা শিল্প : প্রত্যাশা ও প্রাপ্তি ----------
- আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমাঃ প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় কৃষকের ঘুরে দাড়ানোর প্রেরণা ----
- জাতির পিতার সাথে বীমা খাতের কিছু স্মৃতি----------
- Basics of Business Interruption Insurance ----------
- Responsible Underwriting: A Means of Expanding the Reach of Insurance in Bangladesh----------
- Growing Importance of Enterprise Risk Management----------
- JBC: Pioneer in Life Insurance Business in Bangladesh----------
- Threat of Money Loundaring and Terrorist Financing in Insurance Sector ----------
- Prospects and Challenges of Telematics in Bangladesh ----------
- Role of ERP in Modernizing Insurance Sector.----------
- Insurance- GDP Ratio: Impact of Policy Lapse Rate Reduction----------
- Catalytic Role of an Insurance CEO in Bringing about Market Discipline ----------
- Steps Towards Social Health Insurance Scheme----------
- Implementation of National Integrity Strategy in Insurance Industry ----------
- Enhancing Insurance Penetration in Bangladesh ----------
- Prospect and Necessity of Professional Indemnity Insurance ----------
- Health Insurance in Bangladesh: Challenges and Prospects----------
- Digital Identification Based Livestock Insurance (DIBLI)----------
- Scenario of Insurance Industry in a nutshell----------
- Brief Life Sketches of Chairmen and Members of IDRA----------

জাতীয়
বীমা
দিবস

বীমায় সুরক্ষিত থাকলে, এগিয়ে যাব সবাই মিলে

প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বঙ্গবন্ধু সুরক্ষা বীমা

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ

প্রতিবন্ধী ব্যক্তিদের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী'র প্রণিধানযোগ্য ২টি উক্তি:

"অটিজম আক্রান্ত কোনোভাবেই আমাদের বোঝা নয়। বিশ্বমানের অনেক মনীষী আছেন যাঁরা এ সমস্যায় আক্রান্ত। সঠিক পরিচর্যা, সমাজের সহানুভূতি ও সরকারের পৃষ্ঠপোষকতা পেলে বাংলাদেশের অনেকেই নিজেদের সে উচ্চতায় নিয়ে যেতে পারে বলে আমার বিশ্বাস"

-মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

"অটিজম আক্রান্ত এবং বিশেষ শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উন্নত রোগ নির্ণয় প্রক্রিয়া ও চিকিৎসা সেবা সহজলভ্য করা জরু রি প্রয়োজন বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি"

- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

এ দু'টি উক্তির মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি তাঁর সহানুভূতি প্রকাশ করেছেন এবং প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা সেবা সহজলভ্য করার অভিপ্রায় ব্যক্ত করেছেন। পাশাপাশি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ যখন দুর্বার গতিতে এগিয়ে যা"ছ, তখন আমাদেরই সমাজের একটি অবি"ছদ্য অংশের পিছিয়ে থাকা কোনভাবেই কাম্য হতে পারে না। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনায় জাতির পিতার স্মৃতি বিজড়িত বীমা খাতও এগিয়ে যা"ছ। নিষিদ্ধ রাজনীতি চালিয়ে নেয়ার মানসে ১৯৬০ সালের ১ মার্চ জাতির পিতা বীমা পেশায় যোগদান করেন। বীমা খাতে জাতির পিতার পদচারণা এবং তাঁর অনবদ্য অবদানকে চিরস্মরণীয় করে রাখতে দেশকে উপহার দেয়া হয়েছে 'জাতীয় বীমা দিবস'। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ "প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বঙ্গবন্ধু সুরক্ষা বীমা" পরিকল্প চালু করার সকল কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করেছে।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ মুজিববর্ষে জাতির পিতার স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জানাতে এবং তাঁর সুযোগ্য নাতনী সায়মা ওয়াজেদ হোসেন পুতুল এর প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি তীব্র ভালবাসা তথা তাদের জন্য অনবদ্য অবদান ও কর্মযজ্ঞে উদ্বুদ্ধ হয়ে দেশের বিপুল সংখ্যক প্রতিবন্ধী ব্যক্তিকে বীমার ছায়ায় নিয়ে আসার উদ্যোগ কর্তৃপক্ষ গ্রহণ করে।

এ প্রেক্ষাপটে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর আওতাধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট বা এনডিডি সুরক্ষা ট্রাস্ট, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, সকল লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানি এবং একচ্যুয়ারি ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন এর দীর্ঘ প্রচেষ্টায় এ মহতী উদ্যেগ সফল হয়।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে আগামী দশকে অনন্য উচ্চতায় দেখতে চান, আর এ উন্নয়নে সকলের অংশগ্রহণ অনস্বীকার্য। অর্থনৈতিক খাতকে সচল রাখার মাধ্যমে জনগণের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করতে পারলে, বিশেষ করে প্রতিবন্ধী জনগণের আর্থিক নিরাপত্তা নিশ্চিত হলে সংশি-ষ্টপরিবারগুলো স্বস্তি পাবে এবং এগিয়ে যাওয়া নির্বিগ্ন হবে। কারণ, অর্থনৈতিক উন্নয়নে বীমা সেক্টরের ভূমিকা অনস্বীকার্য। সে লক্ষ্যে অটিজম, ডাউন সিনড্রোম, বুদ্ধি প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি প্রাথমিকভাবে এ চার ধরণের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের সাশ্রয়ী খরচে স্বাস্থ্য বীমার মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান করা হবে।

এই মহতী উদ্যোগকে বাস্তবায়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন নিউরো-ডেভলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট এবং সাধারণ বীমা কর্পোরেশন এর মধ্যে একটি সমঝোতা স্মারক প্রস্তুত করা হয়।

এনডিডি বীমা পরিকল্পের আওতায় প্রাথমিকভাবে ঢাকা শহর, ঢাকা জেলা এবং সিলেট জেলার স্নায়ু বিকাশ জনিত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এ কার্যক্রম শুরু করা হবে। উভয় প্রতিষ্ঠান যৌথ অংশীদারীত্বের ভিত্তিতে পাইলটিং পদ্ধতিতে এ মহতী পরিকল্পটি বাস্তবায়ন করবে।

সংকলনে- চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

পরবর্তীতে সকল সরকারি, বেসরকারি নন-লাইফ বীমা প্রতিষ্ঠানের মাধ্যমে এ বীমা পরিকল্পটির সুবিধা সকল পর্যায়ে পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

দেশে প্রতিবন্ধী ব্যক্তিদের যথাযথ ও হালনাগাদ পরিসংখ্যান পাওয়া দুষ্কর। বিশ্ব স্বাস্থ্য সংস্থা, পরিসংখ্যান ব্যুরো ও সমাজসেবা অধিদপ্তর- এ তিনটি সংস্থার প্রতিবন্ধী ব্যক্তিদের জরিপের তথ্য বিশ্লেষণ করা হলে কিছুটা ভিন্নতা পরিলক্ষিত হয়। BBS- এর বিভিন্ন জরিপ/শুমারি থেকে প্রতিবন্ধী ব্যক্তিদের যে তথ্য পাওয়া যায় তা হলো-

উৎস	প্রতিবন্ধীর হার	জরিপ/শুমারির সাল
জনসংখ্যা শুমারি	১.৪১	২০১১
MSVSB *	০.৯০	২০১৪
EHS *	১.৩৩	২০১৪
HIES *	০.৯১	২০১০

* MSVSB (Monitoring the Situation of Vital Statistics of Bangladesh) EHS (Education Household Survey) HIES (Household Income and Expenditure Survey)

সমাজসেবা অধিদপ্তরের হালনাগাদ প্রতিবেদন এর তথ্য মতে দেশে বর্তমানে মোট প্রতিবন্ধির সংখ্যা ২৪,৬১,৮৫৫ জন। তন্মধ্যে এন ডি ডি গ্রুপের প্রতিবন্ধীর সংখ্যা ৩,৪৯,২৫৫ জন, যা মোট প্রতিবন্ধীর মধ্যে ১৪.১৯%। নিম্নোক্ত পাই চার্টে ইহার বিশ্লেষণ দেখানো হলো:



নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) এর স্বাস্থ্য বীমা পরিকল্প

একচ্যুয়ারি ড. মোহাম্মদ সোহরাব উদ্দিন কর্তৃক নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) এর স্বাস্থ্য বীমা পরিকল্পটি প্রণয়ন করা হয়। নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এর বিধান অনুযায়ী অটিজম, ডাউন সিনড্রোম, বুদ্ধি প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি এ ৪ ধরণের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের সাশ্রয়ী স্বাস্থ্য বীমা সেবা প্রদানই এ বীমার মুখ্য উদ্দেশ্য।

এ বীমা পরিকল্পের প্রধান বৈশিষ্ট্যসমূহ

- ৩ থেকে ২৫ বছর বয়সের সকল বীমা গ্রাহকের (নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী) জন্য একই প্রিমিয়াম হার ব্যবহার করা হবে;

- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ অনুযায়ী ৪ ধরণের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য একই ধরণের বীমা সুবিধা প্রদান করা হবে;
- পূর্ব শারীরিক অবস্থার (Preexisting condition) জন্য কোন Exclusion নেই;
- ইন্স্যুরেন্স পূর্ব কোন ডাক্তারী পরীক্ষার প্রয়োজন নেই;
- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এর বিধান অনুযায়ী প্রত্যেক নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী এ স্বাস্থ্যবীমার আওতাভুক্ত হবেন;
- যে কোন সরকারি হাসপাতালের OPD চিকিৎসার ব্যয় পূনর্ভরণ করা হবে;
- নির্ধারিত সীমার মধ্যে হাসপাতালে ভর্তির পূর্ব ও পরবর্তী ব্যয় পূনর্ভরণ করা হবে;
- নির্ধারিত সীমার ওপর ভিত্তি করে সর্বোচ্চ ১,০০,০০০/- (একলক্ষ) টাকার বীমা সুবিধা প্রদান করা হবে।

যোগ্যতার মানদন্ড

- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ অনুযায়ী ৪ ধরণের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধীই এ বীমা সুবিধা পাবেন;
- যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বৈধ প্রতিবন্ধী সার্টিফিকেটধারীগণই এ স্বাস্থ্য বীমা পলিসির আওতাভুক্ত হবেন।

প্রয়োজনীয় দলিলাদি

- নির্ধারিত বীমা প্রস্তাবপত্র যথাযথভাবে পূরণ করতে হবে;
- বীমাবৃত ব্যক্তির পাসপোর্ট সাইজের এক কপি ছবি ও জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন এর ফটোকপি;
- যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রতিবন্ধী সার্টিফিকেট স্থানীয় জনপ্রতিনিধি (চেয়ারম্যান/কমিশনার) কর্তৃক সত্যায়িত;
- স্থায়ী ঠিকানার প্রমাণপত্র;
- বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত যে কোন প্রতিষ্ঠান/ স্থানীয় জন প্রতিনিধি (চেয়ারম্যান/ কমিশনার) কর্তৃক প্রদত্ত বাৎসরিক আয়ের সনদ;
- যাদের টিআইএন আছে তাদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আয়কর সনদ।

বীমাবৃত ব্যক্তি তালিকাভুক্তিকরণ পদ্ধতি

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এর অধীনে ট্রাস্ট কর্তৃক নিকটতম অনুমোদিত/রেজিস্টার্ড প্রতিষ্ঠানের মাধ্যমে যে কোন যোগ্য ব্যক্তি এ বীমা পলিসি ক্রয় করতে পারবেন। অনুমোদিত/রেজিস্টার্ড প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ ফরমটি অন-লাইন মাধ্যমে ট্রাস্ট বরাবর পাঠাতে হবে। ট্রাস্ট কর্তৃক অনুমোদিত হলে বীমা পলিসিটি কার্যকর হবে।

সেবা গ্রহণের ফি

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) ব্যক্তিদের এ স্বাস্থ্য বীমা সেবা গ্রহণের ক্ষেত্রে কোন ধরণের ফি পরিশোধ করতে হবে না।

প্রিমিয়ামের হার

এনডিডি সুরক্ষা ট্রাস্ট বীমাবৃত ব্যক্তি/বীমাবৃত ব্যক্তির অভিভাবক হতে অগ্রীম বার্ষিক প্রিমিয়াম গ্রহণ করবে। তারপর এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক সংগৃহীত বার্ষিক প্রিমিয়াম একত্র করে বীমাবৃত/উপকারভোগীর পক্ষে সাধারণ বীমা কর্পোরেশন বরাবর জমা প্রদান করবে। বাৎসরিক প্রিমিয়াম ৬০০/- টাকা। এ প্রিমিয়াম পরিশোধের ক্ষেত্রে আয়ের ভিত্তি নিম্ন রূপ:

- বীমাবৃত ব্যক্তি/বীমাবৃত ব্যক্তির অভিভাবকের মাসিক আয় ২৫,০০০/- টাকা বা এর চেয়ে কম হলে বার্ষিক প্রিমিয়ামের ২৫% বীমাবৃত ব্যক্তি/বীমাবৃত ব্যক্তির অভিভাবককে পরিশোধ করতে হবে এবং অবশিষ্ট ৭৫% বীমাবৃতের পক্ষে এনডিডি সুরক্ষা ট্রাস্ট পরিশোধ করবে;

- বীমাবৃত ব্যক্তি/বীমাবৃত ব্যক্তির অভিভাবকের মাসিক আয় ২৫,০০০/- টাকার চেয়ে বেশি হলে বীমাবৃত ব্যক্তি/বীমাবৃত ব্যক্তির অভিভাবক নিজেই পুরো বাৎসরিক প্রিমিয়াম পরিশোধ করবেন।

স্টপ লস

কোন কারণে মোট বীমা দাবির পরিমাণ মোট প্রিমিয়াম আয়ের চেয়ে বেশি হলে/অতিক্রম করলে সাধারণ বীমা কর্পোরেশন মোট প্রিমিয়ামের ১১০% ঝুঁকি গ্রহণ করবে। একই ভাবে যদি মোট দাবির পরিমাণ মোট প্রিমিয়াম আয়ের চেয়ে কম হয় তবে সাধারণ বীমা কর্পোরেশন লভ্যাংশ হতে প্রশাসনিক খরচ বাবদ ১৫% রেখে বাকি ৮৫% এনডিডি সুরক্ষা ট্রাস্ট এর নিকট ফেরত প্রদান করবে।

রেজিস্টার্ড প্রতিষ্ঠানের আয়

প্রত্যেক বীমাবৃতকে তালিকাভুক্তি/রেজিস্ট্রি করার জন্য অনুমোদিত/রেজিস্টার্ড প্রতিষ্ঠানকে এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক ২৫/- টাকা করে দেওয়া হবে এবং প্রতিটি প্রিমিয়াম সংগ্রহ/আদায়ের জন্য অনুমোদিত/রেজিস্টার্ড প্রতিষ্ঠানকে প্রতিটি প্রিমিয়ামের আয় হতে ৪০/- টাকা করে সম্মানী প্রদান করা হবে।

বীমা দাবি পরিশোধের প্রক্রিয়া

বীমাবৃত ব্যক্তি/বীমাবৃত ব্যক্তির অভিভাবক (বীমাবৃতের পক্ষে) প্রাপ্ত স্বাস্থ্য কার্ড প্রদর্শন করে সরকারি হাসপাতালে বীমাবৃতের জন্য স্বাস্থ্য সেবা নিতে পারবেন। বীমা দাবী নিষ্পত্তির জন্য নির্ধারিত আবেদন ফর্মে অনুমোদিত/রেজিস্টার্ড প্রতিষ্ঠানের মাধ্যমে সাধারণ বীমা কর্পোরেশন বরাবর বীমা দাবির আবেদন দাখিল করতে হবে। আবেদনের সাথে অবশ্যই চিকিৎসা সেবা গ্রহণকারী সরকারি হাসপাতালের প্রত্যয়ন পত্রের মূলকপির সাথে স্বাস্থ্য কার্ড, ডাক্তারি বিল, হাসপাতালে ভর্তি ও ছাড়পত্র এবং সংশিষ্ট অন্যান্য বিল ভাউচার (যদি থাকে) এর ফটোকপি জমা দিতে হবে। প্রক্রিয়া শেষে সাধারণ বীমা কর্পোরেশন বীমা দাবীর অর্থ সরাসরি বীমাবৃতের নিজস্ব ব্যাংক হিসাবে প্রেরণ করবে। হাসপাতালে চিকিৎসাধীন থাকার পূর্বেই প্রিমিয়াম প্রদান করা হলেই কেবল বীমা দাবিটি পরিশোধযোগ্য হবে। আবেদনপত্র ও আবেদন পত্রের সাথে উপরোল্লিখিত কাগজপত্র জমাদানের ২ থেকে ৩ সপ্তাহের মধ্যে বীমা দাবিটির অর্থ পরিশোধ করতে হবে।

স্বাস্থ্য কার্ড সরবরাহ

এনডিডি সুরক্ষা ট্রাস্ট তার নিজস্ব ওয়েবসাইটের মাধ্যমে বীমাবৃতকে স্বাস্থ্য কার্ড প্রদান করবে। এ কার্ডটি বীমা পলিসি গ্রহণের প্রমাণক হিসেবে বিবেচিত হবে।

বীমাবৃতের তালিকা

বীমাবৃতের প্রিমিয়াম প্রদানসহ সকল তথ্য এনডিডি সুরক্ষা ট্রাস্ট সর্বদা সংরক্ষণ করবে এবং সে সকল তথ্য এনডিডি সুরক্ষা ট্রাস্ট সাধারণ বীমা কর্পোরেশন বরাবর প্রেরণ করবে।

এ বীমা পরিকল্পটি পরীক্ষামূলকভাবে একবছরের জন্য প্রদান করা হবে। এ সময় শেষ হবার পর এ পরিকল্পের সার্বিক অবস্থা তথা প্রিমিয়াম হার এবং ব্যবস্থাপনা ব্যয়, দাবির হার ইত্যাদি পুনরায় যাচাই-বাছাই করা হবে। এতে যদি কোন পরিবর্তন আসে তাহলে ২য় বর্ষের শুরু হতে সে সকল পরিবর্তন আলোচ্য পলিসিটিতে সংযোজন/বিয়োজন করে বাস্তবায়ন করা হবে।

যেহেতু এ ধরণের বীমা বাংলাদেশে প্রথম চালু হতে যাচ্ছে, তাই এর সাথে খাপ খাওয়াতে কিছুটা সময় লাগতে পারে। সকল বাধা-বিপত্তি অতিক্রম করে আমরা জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে এগিয়ে যাব এবং জাতির পিতার আশির্বাদপুষ্ট বীমা খাতকে বিশ্বমানে উন্নীত করবো এ আশা রইল।

বীমা জরিপ কি এবং লাইসেন্স প্রাপ্তিতে বীমা জরিপকারীদের করণীয়:

জনাব মোঃ আব্দুস সালাম সোনার

১. বীমা জরিপ কি এবং কেন করা হয়?

* বীমা হলো বীমা গ্রাহক ও বীমা কোম্পানির মধ্যে সম্পাদিত একটি চুক্তি, যার বিনিময়ে বীমাগ্রহীতা তার জীবন বা সম্পদের ঝুঁকি কমাতে বীমাকারীকে নির্দিষ্ট পরিমাণ প্রিমিয়াম প্রদান করে এবং বীমাকারী উক্ত প্রিমিয়ামের বিনিময়ে বীমাগ্রহীতার জীবন বা সম্পদের অর্থনৈতিক ঝুঁকি গ্রহণ করে অর্থাৎ কোনো ঘটনা বা দুর্ঘটনা ঘটলে আর্থিক ক্ষতিপূরণের প্রতিশ্রুতি প্রদানকরে। বীমার উৎপত্তি সম্পর্কে সুনির্দিষ্ট ইতিহাস বলা অত্যন্ত কঠিন। তবে বিভিন্ন ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায় যে, বিশ্ব সভ্যতার এক পর্যায়ে ভূমধ্যসাগরের উত্তর অঞ্চলে-বিশেষত: ইতালিকে কেন্দ্র করে ইউরোপীয় কিছু দেশে খৃষ্টীয় চতুর্দশ শতাব্দীর দিকে বীমা ব্যবসায়ের শুরু হয়। পরবর্তীতে সভ্যতার ক্রমবিকাশের ধারাবহিকতায় গ্রেটবৃটেনকে কেন্দ্র করে ইউরোপে শিল্প বিপ্লব সংঘটিত হয়। এ শিল্প বিপ্লবের হাত ধরে ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটা শুরু করে। ধীরে ধীরে বীমা ব্যবসা ইউরোপ হয়ে পৃথিবীর অন্যান্য দেশসহ আমাদের উপ-মহাদেশ পর্যন্ত বিস্তার লাভ করে। বীমা ব্যবসার গোড়াপত্তন হয় নৌ বীমা দিয়ে। তাই নৌ-বীমা সবচেয়ে প্রাচীনতম বীমা এ বিষয়ে কারো দ্বিমত নেই। ঝুঁকির মাত্রা বিবেচনায় নিয়ে বীমা প্রিমিয়াম নির্ধারিত হয়। জীবন চলার পথে মানুষ যে ক্ষতির সম্মুখীন হয় বীমার কাজ হলো সে ক্ষতি প্রশমন করা। নন-লাইফ কোম্পানিসমূহ নৌ, অগ্নি, মটর, এভিয়েশন, ইঞ্জিনিয়ারিং, পণ্য দায়, শস্য, গবাদি পশু ইত্যাদি পলিসি বিক্রি করে থাকে। এসব পলিসি ক্রয়ের সব মালামাল আনা নেয়ার পথে ক্ষতিগ্রস্ত হতে পারে। মালামাল ক্ষতিগ্রস্ত হলে কি পরিমাণ ক্ষতি হয়েছে তা নিরুপণের জন্য বীমা জরিপকারীর প্রয়োজনীয়তা দেখা দেয়। বীমা জরিপকারীরা সরেজমিনে ক্ষতির পরিমাণ মূল্যায়ণ করে বীমাকারীর নিকট রিপোর্ট দাখিল করে এবং বীমাকারী সে অনুযায়ী বীমাগ্রাহককে ক্ষতিপূরণ দিয়ে থাকে। এভাবে নন-লাইফ সেক্টরে বিভিন্ন ধরণের দুর্ঘটনাজনিত ক্ষতির মূল্যায়ণের জন্য বীমা জরিপকারী কাজ করে থাকে।

২. বীমা জরিপকারী উপশ্রেণি

* বীমা জরিপকারীকে নন-লাইফ বীমা জরিপকারী (লাইসেন্সিং) বিধিমালা-২০১৮ মোতাবেক নিম্ন বর্ণিত উপ-শ্রেণিতে ভাগ করা হয়; ক) অগ্নি খ) নৌ-কার্গো গ) নৌ-হাল ঘ) মটর ঙ) ইঞ্জিনিয়ারিং চ) এভিয়েশন এবং ছ) বিবিধ।

৩. ব্যক্তির ক্ষেত্রে লাইসেন্স প্রাপ্তির আবেদন (চেকলিষ্ট)

ব্যক্তির ক্ষেত্রে বীমা জরিপ সনদ অনুমোদনের জন্য নন-লাইফ বীমা জরিপকারী (লাইসেন্সিং) বিধিমালা-২০১৮ এবং বীমা আইন, ২০১০ মোতাবেক চেকলিস্ট:

ক) আবেদনপত্র (ফরম-ক অনুযায়ী)

খ) লাইসেন্স ফি প্রদানের মূলকপি (কর্তৃপক্ষের অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে প্রতি উপ-শ্রেণির জন্য ২,০০০/- হিসাবে।

গ) মূসক ফি (১৫%) প্রদানের ফটোকপি।

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের ফটোকপি (সত্যায়িত)।

সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত)।

ট্রেড লাইসেন্স এর কপি।

বাস্তব প্রশিক্ষণ গ্রহণ (ট্রেনিং) সংক্রান্ত সকল সনদের ফটোকপি।

জ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ঝ) আয়কর প্রত্যয়ন পত্রের ফটোকপি।

বিশেষ দ্রষ্টব্য: আবেদন পত্রের সাথে উপরে বর্ণিত কাগজাদি সংযুক্তি আবশ্যক।

পরিচালক (উপসচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৪. প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্স প্রাপ্তির আবেদন (চেকলিষ্ট)

* প্রতিষ্ঠানের ক্ষেত্রে বীমা জরিপ সনদ অনুমোদনের জন্য নন-লাইফ বীমা জরিপকারী (লাইসেন্সিং) বিধিমালা-২০১৮ এবং বীমা আইন, ২০১০ মোতাবেক চেকলিস্ট:

ক) পস্তাবিত বীমা জরিপকারী প্রতিষ্ঠানের নাম।

খ) আবেদনপত্র (ফরম-খ অনুযায়ী)।

গ) লাইসেন্স ফি প্রদানের মূলকপি (কর্তৃপক্ষের অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে প্রতি উপ-শ্রেণির জন্য ২,০০০/- হিসাবে।

ঘ) মূসক ফি (১৫%) প্রদানের ফটোকপি।

ঙ) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের ফটোকপি (সত্যায়িত)।

চ) কোম্পানিতে কর্মরত কর্ম অভিজ্ঞতার সার্টিফিকেটের কপি (সত্যায়িত)।

ছ) আবেদনকারী ও অংশীদারের সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত)।

জ) ট্রেড লাইসেন্স এর কপি।

ঝ) বাস্তব প্রশিক্ষণ গ্রহণ (ট্রেনিং) সংক্রান্ত সকল সনদের ফটোকপি।

ঞ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ট) আয়কর প্রত্যয়ন পত্রের ফটোকপি।

ঠ) বীমা আইন ২০১০ এর ১২৭ ধারা অনুযায়ী হলফনামা (তিনশত টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নোটারিকৃত)।

ড) জয়েন্ট স্টক কোম্পানির সহিত রেজিস্ট্রেশন এর সনদপত্র।

বিশেষ দ্রষ্টব্য: আবেদন পত্রের সাথে উপরে বর্ণিত কাগজাদি সংযুক্তি আবশ্যক।

৫. ব্যক্তির ক্ষেত্রে লাইসেন্স নবায়ণের আবেদন (চেকলিষ্ট)

* ব্যক্তির ক্ষেত্রে বীমা জরিপ সনদ নবায়নের জন্য নন-লাইফ বীমা জরিপকারী (লাইসেন্সিং) বিধিমালা-২০১৮ এবং বীমা আইন, ২০১০ মোতাবেক চেকলিস্ট:

ক) বিধিমালা ৭.২ মোতাবেক নবায়ন সনদ আবেদন (ফরম-ঙ)।

খ) বিধিমালা ১৩ মোতাবেক নবায়ন ফি।

গ) বিধিমালা ২০১৮ এর ৭ ধারার ৬ উপধারা মোতাবেক মূসক ফি।

ঘ) বিধিমালা ৭.৪ (খ) মোতাবেক কর্মচারীদের নামের তালিকা।

ঙ) বিধিমালা ২০১৮ এর ৭ ধারার ৬ উপধারা মোতাবেক বাংলাদেশ ইন্স্যুরেন্স সার্ভেয়ার্স এসোঃ এর মেম্বারশীপ সনদের কপি।

চ) মেয়াদ উত্তীর্ণের জন্য বিলম্ব ফি পরিশোধের কপি।

ছ) উপশ্রেণি অনুসারে ০২ টি করে বীমা জরিপ প্রতিবেদনের কপি।

জ) সর্বশেষ ০১ বছরের আয়-ব্যয় বিবরণী।

ঝ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

ঞ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

ট) আবেদন পত্রের সাথে বিগত বছরের নবায়ন সনদপত্র।

বিশেষ দ্রষ্টব্য: আবেদন পত্রের সাথে উপরে বর্ণিত কাগজাদি সংযুক্তি আবশ্যক।

৬. প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্স নবায়ণের আবেদন (চেকলিষ্ট)

* প্রতিষ্ঠানের ক্ষেত্রে বীমা জরিপ সনদ নবায়নের জন্য নন-লাইফ বীমা জরিপকারী (লাইসেন্সিং) বিধিমালা-২০১৮ এবং বীমা আইন, ২০১০ মোতাবেক চেকলিস্ট:

ক) বিধিমালা ৭.২ মোতাবেক নবায়ন সনদ আবেদন (ফরম-চ)।

খ) বিধিমালা ১৩ মোতাবেক নবায়ন ফি।

গ) বিধিমালা ২০১৮ এর ৭ ধারার ৬ উপধারা মোতাবেক মূসক ফি।

ঘ) বিধিমালা ৭.৪ (ঘ) এর উপবিধি ৫ মোতাবেক প্রত্যয়ন পত্র।

ঙ) বিধিমালা ৭.৪ (খ) মোতাবেক কর্মচারীদের নামের তালিকা।

চ) বিধিমালা ২০১৮ এর ৭ ধারার ৬ উপধারা মোতাবেক বাংলাদেশ ইন্সুরেন্স সার্ভেয়ার্স এসোঃ এর মেম্বারশীপ সনদের কপি।

ছ) মেয়াদ উত্তীর্ণের জন্য বিলম্ব ফি পরিশোধের কপি।

জ) বিধিমালা ২০১৮ এর ধারা ৬(ক) মোতাবেক প্রতি শ্রেণির ০২ টি করে বীমা জরিপ প্রতিবেদনের কপি।

ঝ) বিধিমালা ৭ (৪) এর গ মোতাবেক সর্বশেষ ০১ বছরের আয়-ব্যয় বিবরণী।

ঞ) বিধিমালা ২০১৮ এর ৭ ধারার ৬ উপধারা মোতাবেক আয়কর সনদ।

ট) আবেদন পত্রের সাথে বিগত বছরের নবায়ন সনদপত্র।

ঠ) বিধিমালা ৭ (৪) এর ক মোতাবেক বিগত ১ বছরের জরিপ কার্যক্রমের তালিকা।

বিশেষ দ্রষ্টব্য: আবেদন পত্রের সাথে উপরে বর্ণিত কাগজাদি সংযুক্তি আবশ্যক।

৭. লাইসেন্স প্রদানের প্রয়োজনীয় শর্ত

* বীমা জরিপকারী হিসেবে কার্য-সম্পাদনের লক্ষ্যে কোনো ব্যক্তিকে লাইসেন্স প্রদানের পূর্বে কর্তৃপক্ষকে নিম্নবর্ণিত বিষয়ে সন্তুষ্ট হইতে হইবে, যথা:-

ক. আবেদনকারী-

অ) কোনো স্বীকৃত দেশি বা বিদেশি বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রিধারী;

আ) জরিপকারী হিসাবে অন্যূন ৫ (পাঁচ) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন;

ই) চাকুরিজীবী নহেন;

ঈ) সরকারি বীমাকারী বা বীমা এজেন্ট বা ব্রোকার বা তাহাদের কর্মচারী নহেন;

উ) কোনো কর্পোরেশন, কোম্পানি, ফার্ম বা সংস্থার কর্মচারী নহেন এবং;

ঊ) পূর্ণ সময়ের জন্য পরিচালক, অংশীদার বা উপদেষ্টা হিসেবে অন্য কোনো কোম্পানি, ফার্ম বা সংস্থার সহযোগী নহেন; এবং

ঋ) আইনের ধারা ১২৭ এর উপধারা (৬) এর অধীন অযোগ্য নহেন।

৮. লাইসেন্সের মেয়াদ

* কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সের মেয়াদ হইবে, উহা প্রদানের তারিখ হইতে ১ (এক) বৎসর।

৯. লাইসেন্স ফি

* আবেদনকারীকে তাহার আবেদনের সহিত নিম্নবর্ণিত ক্ষেত্র ও হারে ফি প্রদান করিতে হইবে, যথা:-

ক) লাইসেন্সের জন্য ২,০০০ (দুই হাজার) টাকা (প্রতি উপশ্রেণি)

খ) লাইসেন্স নবায়নের জন্য ১,০০০ (এক হাজার) টাকা (প্রতি উপশ্রেণি)

গ) মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স নবায়নের জন্য বিলম্ব ফি ১০০ (একশত) টাকা (প্রতিমাসে);

ঘ) প্রতিলিপি লাইসেন্সের জন্য ১০০ (একশত) টাকা;

উল্লিখিত ফি কর্তৃপক্ষের অনুকূলে কোনো তফসিলী ব্যাংকে, ব্যাংক ড্রাফট বা পে অর্ডারের মাধ্যমে, জমা প্রদান করিতে হইবে।

- বিস্তারিত তথ্যাদি জানতে ও অভিযোগের জন্য যোগাযোগ করুন: বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা টাওয়ার (৯ম তলা), ৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ এই ঠিকানায়। এছাড়াও ভিজিট করুন: www.idra.org.bd ওয়েব সাইটে।

ধর্মীয় দৃষ্টিকোণ থেকে বীমা ও আর্থিক নিরাপত্তা

মোঃ মিজানুর রহমান এফসিএস

মানুষ জীবিতবস্থায় নানাবিধ ঝুঁকির সম্মুখীন হয়ে থাকে যেমন- দুর্ঘটনায় পতিত হয়ে পঙ্গু হয়ে পড়া, কল-কারখানা, আমদানী-রপ্তানী ব্যবস্থা বা অন্যান্য ব্যবসা, অগ্নি, ঝড়, বন্যা, ভূমিকম্প ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত হওয়া বা চুরি-ডাকাতি, রাহাজানি ইত্যকার মানবসৃষ্ট দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত হওয়া, এককথায় বলতে গেলে মানুষ প্রতিনিয়ত তার ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক জীবন থেকে শুরু করে ব্যবসা-বাণিজ্য, চাকুরী ইত্যাদি প্রত্যেক ক্ষেত্রেই নানাবিধ ঝুঁকির সম্মুখীন হচ্ছে। মানুষের চরম বিপদ মুহূর্তে আর্থিক ক্ষতির হাত থেকে রক্ষা করে পোষ্যদের জন্য আর্থিক নিরাপত্তা বিধান করা উচিত।

একটু ভিন্নভাবে চিন্তা করলে বিষয়টি আরও পরিষ্কার হবে। একজন মানুষ সাধারণতঃ কি আশা করে? তার আশা আর্থিক দিক থেকে নিরাপদ থাকা অর্থাৎ তার ব্যবসা-বাণিজ্য, কল-কারখানা যাতে ক্ষতিগ্রস্ত হয়ে আর্থিক ক্ষতি সাধিত না হয়, বৃদ্ধ বয়সে নিরাপদ ও ভাবনাহীন স্বচ্ছল জীবন, পরিবারের জন্য আর্থিক নিরাপত্তা, সু-স্বাস্থ্য ও পেশার নিরাপত্তা, পরিবার, বন্ধু-বান্ধব ও আত্মীয় -স্বজনের তরফ থেকে সম্মান অর্জন, ধন-সম্পত্তি, কল-কারখানা, ব্যবসা-বাণিজ্যের নিরাপত্তা ইত্যাদি। এক কথায় বলতে গেলে মানুষের আশা হচ্ছে "সম্পূর্ণ আর্থিক নিরাপত্তা"।

অন্যভাবে বিশ্লেষণ করলে দেখা যায়, মানুষের জীবনের সর্বাপেক্ষা উদ্বেগজনক ও ভীতিপ্রদ বিষয় কি? "নিরাপত্তার অভাব" নিজ ও পরিবারের জন্য ভরণ-পোষণের ব্যবস্থা করার অক্ষমতা, ব্যবসা-বাণিজ্য সম্পত্তি বিনষ্টের আশঙ্কা, রোগ-ব্যাধি ও বেকারত্ব, দারিদ্র্য ও মৃত্যু, বৃদ্ধ বয়সে পরনির্ভরতা ইত্যাদি এসমস্তই নিরাপত্তাহীনতার প্রতীক। একজন ব্যক্তি যদি জানতো কখন তার মৃত্যু হবে, কখন তিনি রোগাক্রান্ত / দুর্ঘটনায় পতিত হবেন, কখন তার সহায়-সম্পত্তি, ব্যবসা-বাণিজ্য বিনষ্ট হবে, কখন তার উপর দুর্দিনের ভয়াবহ খড়্গ নেমে আসবে তাহলে হয়ত বীমার মত ব্যবস্থার প্রয়োজন হত না। এরকম ক্ষেত্রে ব্যাংক ব্যবস্থাই হয়ত যথেষ্ট ছিল, কেননা ব্যাংকে টাকা সঞ্চয় করে সে নির্দিষ্ট সময়ে তার প্রয়োজন মেটাতে পারত। এই অনিশ্চয়তা মানুষের জীবনে সবচেয়ে বড় সত্য। এজন্যই সে চায় নিশ্চয়তা ও অর্থনৈতিক নিরাপত্তা। বীমা ব্যবস্থা কিছুটা হলেও এই নিরাপত্তা বিধান করতে পারে এবং দিতে পারে পরিবার-পরিজনের জন্য স্বচ্ছল ও নিরাপদ জীবনের প্রতিশ্রুতি। এখন প্রশ্ন হল, এই বীমা ব্যবস্থা মুসলমানদের নিকট শরীয়াহ সিদ্ধ কিনা এবং মুসলমানদের কাছে তা গ্রহণযোগ্য কিনা?

আমরা জানি, আল-কুরআনের সূরা মায়েদাহ, আয়াত এর অংশ- ০৩ এর মধ্যে বলা হয়েছে, **الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلَامَ دِينًا** "আজ আমি তোমাদের জন্যে তোমাদের দ্বীনকে পূর্নাঙ্গ করে দিলাম, তোমাদের প্রতি আমার অবদান সম্পূর্ণ করে দিলাম এবং ইসলামকে তোমাদের জন্যে দ্বীন হিসেবে পছন্দ করলাম।" উপর্যুক্ত আয়াতের ব্যাখ্যায় বুঝা যায় যে, ইসলাম ধর্ম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। মানুষের প্রতিটি সমস্যার সমাধানের ইঙ্গিত রয়েছে পবিত্র কুরআন শরীফে এবং রসুলুল্লাহ (সঃ) প্রদত্ত দিক নির্দেশনার অর্থাৎ সুন্নাহর মধ্যে। নিম্নে পবিত্র কুরআন শরীফের এ ধরনের কয়েকটি আয়াত এবং রসুলুল্লাহ (সঃ) প্রদত্ত বাণী উল্লেখ করা হল যা দ্বারা অর্থনৈতিক নিরাপত্তা ব্যবস্থার প্রতি সমর্থন পাওয়া যায়। ভবিষ্যত বংশধরদের অর্থনৈতিকভাবে স্বচ্ছল রাখার প্রয়োজনীয়তা সম্পর্কে রসুলুল্লাহ (সঃ) বলেছেনঃ "তোমার জন্য এটাই উত্তম যে, তোমার ছেলেমেয়েদেরকে দরিদ্র না রেখে সম্পদশালী রাখবে যেন তাদেরকে অন্যের কাছে হাত পাততে না হয়।" (সাঈদ বিন আবি ওয়াক্কাস (রাঃ) কর্তৃক বর্ণিত) এ উক্তির মধ্যে বীমা প্রয়োজনীয়তাকে সমর্থনের ইঙ্গিত রয়েছে। জীবন বীমার মাধ্যমে পরিবারের প্রধান অর্থ উপার্জনকারীর মৃত্যুর পর বিধবা এবং অন্যান্য নির্ভরশীলদের জন্য আর্থিক নিরাপত্তার ব্যবস্থা করা হয়ে থাকে। রসুলুল্লাহ (সঃ) বিধবা এবং দরিদ্রের নিরাপত্তার ব্যবস্থাকে সর্বদা উৎসাহিত করেছেন। তিনি বলেনঃ

এসভিপি এন্ড কোম্পানি সেক্রেটারী
চার্টার্ড লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ

"যিনি বিধবার এবং দারিদ্রের প্রতি লক্ষ্য রাখেন এবং তাদের জন্য কাজ করেন তিনি আল্লাহতায়ালার জন্য যুদ্ধকারী যোদ্ধার সমতুল্য অথবা যিনি দিনে রোজা রাখেন এবং সমস্ত রাত্রি এবাদত করেন তাঁর সমতুল্য।" (সাফোয়ান বিন সালিয়া (রাঃ) কর্তৃক বর্নিত) জীবন বীমা বিধবা, এতিমদের ভবিষ্যত আর্থিক অনটন থেকে মুক্ত রাখার একটি পদ্ধতি। রাসুলুল্লাহ(সঃ) মানুষের দুঃখ দুর্দশা লাঘবের জন্য একে অন্যের সাহায্যের প্রতি গুরুত্ব আরোপ করেছেন।

তিনি বলেনঃ "যিনি একজন বিশ্বাসীর পার্থিব দুঃখ দুর্দশা মোচন করবেন, আল্লাহতায়ালা শেষ বিচারের দিন তার একটি দুর্দশা লাঘব করবেন। যিনিই কোনো দুখি মানুষের সমস্যা দুর করবেন, আল্লাহতায়ালা তার এই দুনিয়া এবং আখেরাতের দুর্দশা মোচন করবেন।" (আবু হুরায়রা (রা) কর্তৃক বর্ণিত) বীমা দারিদ্রতা মোচন এবং সুখী জীবন গড়ার প্রতিশ্রুতি দেয়। এটা পবিত্র কোরআনের নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ। আল্লাহতায়ালা কোরআন মাজিদে সুরা বাকারাহ ২০১ আয়াতে এরশাদ করেনঃ **رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ** হে আমাদের প্রভু! আমাদিগকে দুনিয়াতেও কল্যাণ দান কর এবং আখেরাতেও কল্যাণ দান কর এবং আমাদিগকে দোযখের আযাব থেকে রক্ষা কর। বীমা স্বনির্ভর সমাজ গড়নে এবং অর্থনৈতিক মুক্তি অর্জনে সাহায্য করে থাকে এবং দুঃখ -দুর্দশা লাঘব করে শান্তিময় জীবন গঠনে সাহায্য করে। আল্লাহ তায়ালা সুরা বাকারাহ ১৮৫ আয়াতে উলে-খকরেনঃ**يُرِيدُ اللَّهُ بِكُمُ الْيُسْرَ وَلَا يُرِيدُ بِكُمُ الْعُسْرَ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللَّهَ عَلَىٰ مَا هَدَاكُمْ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ** "আল্লাহ তোমাদের জন্য সহজ করতে চান; তোমাদের জন্য জটিলতা কামনা করেন না যাতে তোমরা গণনা পূরণ কর এবং তোমাদের হেদায়েত দান করার দরুন আল্লাহতা'আলার মহত্ত্ব বর্ণনা কর, যাতে তোমরা কৃতজ্ঞতা স্বীকার কর।"

উপরে উল্লেখিত কুরআন মাজিদের বিভিন্ন আয়াত এবং রসুলুল্লাহ (সঃ) এর বিভিন্ন হাদিস এটাই প্রমাণ করে যে, বীমারমাধ্যমে মানুষের দুঃখ দুর্দশা লাঘব এবং সুখী জীবন গড়ার ক্ষেত্রে ইসলামী শরীয়াহ মতে কোনা বাঁধা নেই। কিন্তু বর্তমানে প্রচলিত বাণিজ্যিক বীমা ব্যবস্থায় এমন কিছু বিষয় আছে যা শরীয়াহ সম্মত নয়। গত তিন বা চারশত বছর ধরে পশ্চিমা দেশে যে বীমা ব্যবস্থা গড়ে উঠেছে তা আমাদের দেশেও শিকড় গেড়েছে। এ কারণে মুসলিম অর্থনীতিবিদগণ এবং শরীয়াহ বিশরদগণ বাণিজ্যিক বীমা ব্যবস্থার বিভিন্ন দিক খতিয়ে দেখতে থাকেন। বিভিন্ন মুসলিম দেশে সেমিনার, সমাবেশ অনুষ্ঠিত হয়। ওলামাগণ একত্রে বসে একটি সমাধান বের করার চেষ্টা করেন, কি করে মুসলমানদের বীমার প্রয়োজন ও চাহিদা পূরণ করা যেতে পারে। তাঁরা তিনটি বিষয়কে চিহ্নিত করেন যার উপস্থিতির কারণে মুসলমানদের নিকট বাণিজ্যিক বীমা বা বর্তমানের প্রচলিত বীমা ব্যবস্থা গ্রহণযোগ্য নয়। তা হচ্ছে, বাণিজ্যিক বীমাতে রয়েছে আলুঘারার. আল-মাইসির, এবং আল-রিবা। এই তিনটি অগ্রহণযোগ্য বিষয় যদি বাদ দেয়া যায় তাহলে মুসলমানদের জন্য বীমা ব্যবস্থা গ্রহণ করতে কোনো বাধা নেই। নিম্নে এই তিনটি বিষয় সম্পর্কে আলোকপাত করা হল :

(১) আল ঘারার : আল ঘারার অর্থ হচ্ছে অনিশ্চয়তা বা অস্বচ্ছতা। রসুলুল্লাহ (সঃ) অনিশ্চিত বিক্রি নিষিদ্ধ ঘোষণা করেছেন। ঘারা বিক্রি হচ্ছে এমন সমস্ত কেনা বেচা যাতে অনিশ্চয়তা এবং অস্বচ্ছতার অভাব রয়েছে। বীমা একটি চুক্তিবদ্ধ ব্যবসায়িক ব্যবস্থা। তাই চুক্তিতে অনিশ্চয়তা সম্পর্কে হাদিস হচ্ছে : "কোনো বিক্রিযোগ্য দ্রব্য সম্পর্কে সম্পূর্ণ পরিষ্কার ধারণা না নিয়ে তা বিক্রি করা জায়েজ নয় এবং তেমনি কোনো দ্রব্যের ত্রুটি সম্পর্কে জ্ঞাত থাকা স্বত্ত্বেও তা প্রকাশ করা থেকে বিরত থাকাও জায়েজ নয়।" নিম্নলিখিত বিষয় থেকে উদ্ভুত হতে পারে- (ক) কোনো বিষয় সম্পর্কে অজ্ঞতা এবং তথ্যের অভাব; (খ) এর প্রাপ্তি সম্পর্কে সন্দেহ; (গ) উপস্থিতি (ঘ) সংখ্যা সম্পর্কে সন্দেহ।

(২) আল-মাইসির: মাইসির শব্দের অর্থ হচ্ছে জুয়া। জুয়াকে আল্লাহতায়ালা নিষিদ্ধ ঘোষণা করেছেন। পবিত্র কোরআন মাজিদে জুয়া সম্পর্কে বলা হয়েছে : " হে মুহাম্মদ (সঃ) তারা আপনাকে শরাব ও জুয়া সম্পর্কে জিজ্ঞেস করছে। আপনি বলে দিন উভয়ের মধ্যে মহাপাপ।" সুরা বাকারাহ, আয়াতা -২১৯। কোরআন মাজিদে জুয়া বোঝাতে 'মাইসির' শব্দ ব্যবহার করা হয়েছে। এর অর্থ হচ্ছে এমন কোনো ঝুঁকি নেয়া যাতে ক্ষতির আশংকা ও মুনাফার আশা উভয়ই জড়িত এবং যা জীবনের কোনো স্বাভাবিক কার্যক্রমের সাথে অবশ্যম্ভাবীরূপে সম্পৃক্ত নয়। মুফাসিরগণ মাইসির সম্পর্কে এ মত প্রকাশ করেছেন যে,-

মাইসির' শব্দটি 'ইউসরুন' অর্থাৎ সহজ ও আরাম থেকে উদগত। এর তাৎপর্য হচ্ছে জুয়াড়ী কোনো শ্রমদান ছাড়াই খুব সহজে সম্পদ পেতে চায়, আর এজন্য জুয়ার মান দেয়া হয়েছে 'মাইসির'।'মাইসির' এর মুলমন্ত্র হচ্ছে 'জুয়া' যাকে আভিধানিকরা ধোঁকা/প্রতারণার অর্থের প্রতি গুরুত্ব দিয়েছেন। জাহিলী যুগের আরবে প্রচলিত 'জুয়ার' রূপ ছিল আমাদের বর্তমান যুগের ভাগ্যচক্রের ভিত্তিতে হারজিতের খেলা এর মত। জুয়ার এসব প্রকরণ হারাম ঘোষণার সাথে সাথে ইসলাম সেসব কারবারও হারাম ঘোষণা করেছে যার সাথে জুয়ার মিল রয়েছে। অবশ্য বীমা চুক্তিতে জুয়ার উপাদান আছে কিনা সে সম্পর্কে ইসলামী চিন্তাবিদদের মধ্যে মতপার্থক্য রয়েছে। তবে এটা ঠিক যে, বীমা ও জুয়ার মধ্যে বিশেষ কিছু মৌলিক পার্থক্য রয়েছে।

জুয়া খেলায় জুয়াড়ী ব্যক্তি বাজি ধরে বা শর্ত আরোপ করে নিজের কাঁধে এমন একটা ঝুঁকি নিয়ে থাকে যা প্রথম থেকে ছিল না অথবা থাকলেও তার সাথে এর কোনো সম্পর্ক ছিল না। যে ব্যক্তি বাজি ধরে হেরে যাওয়ার ঝুঁকি মাথায় নেয়, সে ইচ্ছা করলে বাজি নাও ধরতে পারত। লটারীর টিকেট কেনা, ঘোড়দৌড়, ফুটবল অথবা তাস বা পাশা খেলায় হারজিতের বাজি ধরা ইত্যাদি এর সাধারণ উদাহরণ বিশেষ। অন্য দিকে বীমা কারবার এর থেকে স্বতন্ত্র প্রকৃতির। যে ঝুঁকি থেকে বাঁচার জন্যে বীমা গ্রহীতা বীমা করে থাকে তার অস্তিত্ব এবং তার সাথে সে ব্যক্তির সম্পর্ক তার বীমা করা না করার উপর নির্ভরশীল নয়। বরং সর্বাবস্থায়ই এই ঝুঁকির সম্মুখীন হতে হয়। এই ঝুঁকি জীবনের স্বাভাবিক কার্যক্রম, অর্থনৈতিক কর্মকান্ড, পেশা বা ব্যবসায়ের সাথে অবিচ্ছেদ্যভাবে জড়িত থাকে এবং এর দূরীকরণ বীমা ছাড়া অন্য কোনো বিকল্প পন্থায় সম্ভব নয়। এসব ঝুঁকির সাথে আর্থিক ক্ষতিও জড়িত। যেমন মানুষের অকাল মৃত্যুতে নির্ভরশীলগণ আর্থিক ক্ষতির সম্মখীন হয়। এভাবে মোটর, সামদ্রিক জাহাজ, উড়োজাহাজ এবং অন্যান্য যানবাহনের মালিকদের এসব যানবাহনের ধ্বংস বা বিনষ্ট হওয়ার সম্ভাবনা থাকে। কলকারখানা, আগুন লেগে বা বন্যা, সাইক্লোনে ক্ষতিগ্রস্ত হতে পারে। উপরোল্লিখিত প্রত্যেক অবস্থায়ই ক্ষয়ক্ষতির আশংকা ও তার ফলশ্রুতিতে আর্থিক ক্ষতির সম্ভাবনা সবসময়ই লেগে থাকে। বীমা করলে যেমন, বীমা না করলেও ঠিক তেমনি সম্ভাবনা থেকে যায়।

জুয়া ও বীমার মধ্যে অন্য একটি মৌলিক পার্থক্য হচ্ছে মুনাফার আশার সাথে সম্পৃক্ত। জুয়ার আর্থিক উদ্দীপক হচ্ছে বাজী জেতার ফলে প্রাপ্ত আর্থিক লাভের সম্ভাবনা। অথচ বীমা করার আর্থিক উদ্দীপক হচ্ছে দুর্ঘটনায় পতিত হলে আর্থিক ক্ষতিপুরণ প্রাপ্তির আশা। এটা কেবল সেই আর্থিক ক্ষতির পূরণ যা বাস্তবে সম্পদে কোনো সংযোজন হয় না, বরং কেবল ক্ষতিটাই পূরণ হয়ে থাকে। পক্ষান্তরে বাজিতে জয় লাভের ফলে জুয়াড়ী ব্যক্তি যে অর্থ পায়, তাতে সে ব্যক্তির সম্পদ বৃদ্ধি হয়ে থাকে। এজন্যে জুয়াড়ীর এই অর্থ অযাচিত মুনাফার মত। জুয়াড়ীর জুয়া খেলার প্রেরণা আর বীমা গ্রহীতার বীমা করার প্রেরণা এক নয়। অন্য একটি অন্যতম পার্থক্য হচ্ছে যে, জুয়ার চুক্তিতে পূর্বাহ্নে স্বীকৃত ঘটনা অবশ্যই নির্দিষ্ট সময় সংঘটিত হবে এবং এতে দুই পক্ষের এক পক্ষ হয়তবা ক্ষতিগ্রস্ত হবে অথবা লাভবান হবে। কিন্তু বীমা চুক্তিতে যে ঘটনা ঘটা সাপেক্ষে ক্ষতিপূরণ করা হবে বলে একমত হয়েছে তা ঘটতেও পারে বা নাও ঘটতে পারে, কিন্তু নির্দিষ্ট প্রিমিয়াম পরিশোধ করে থাকেন কেননা তাকে বীমার মাধ্যমে নিরাপত্তা বিধান করা হয়েছে। যাহোক, বীমা চুক্তি এবং জুয়া চুক্তির মধ্যে অনেকগুলি মৌলিক পার্থক্য রয়েছে। তবে অনেকে মনে করেন যে, জীবন বীমায় জুয়ার আলামত থাকতে পারে। তবে কিছু কিছু পরিবর্তন করে জীবন বীমা থেকে জুয়ার ঐ সমস্ত আলামত দূরীভূত করা সম্ভব।

(৩) আল রিবাঃ "কিতাবুল ফিকাহ আ'লাল মাযাহিবিল আরবাহা গ্রন্থাকারের নাম" গ্রন্থে বলা হয়েছে, "একই জাতীয় কোনো পণ্য সামগ্রীর পারস্পরিক লেনদেনের সময় কোনো বিনিময় ব্যতীত এক পক্ষ কর্তৃক যে অতিরিক্ত মাল গ্রহণ করা হয়, যে অতিরিক্ত মালামাল বা অংশকে বলা হয় 'রিবা' বা সুদ।" মুফতি আমীমুল ইহসান (রাঃ) তাঁর "কাওয়াইদুল ফিকহ" গ্রন্থে লিখেছেন, "চুক্তিবদ্ধ দুই পক্ষে যে কোনো এক পক্ষ পারস্পরিক লেনদেনে শরীয়াহ সম্মত বিনিময় ব্যতীত শর্ত মোতাবেক যে অতিরিক্ত মাল গ্রহণ করে তাকে 'রিবা' বলা হয়।" ফতোয়ায়ে আলমগীরীতে সুদের সংজ্ঞা প্রসঙ্গে বলা হয়েছে, "ইসলামী শরীয়াহ 'সুদ' ঐ মালকে বলা হয়েছে যা মালের পরিবর্তে মালের লেনদেনকালে অতিরিক্ত অংশ হিসেবে প্রদান করা হয় যার কোনো বিনিময় নেই।"

পবিত্র কোরআন মাজিদে সুদ বা কুসীদ এর প্রতিশব্দ হিসেবে 'রিবা' শব্দটি ব্যবহার করা হয়েছে। আরবী 'রিবা' শব্দের অর্থ হচ্ছে বৃদ্ধি, পরিবর্ধন, বেশি, স্ফীত ইত্যাদি। রিবার ব্যবহারিক অর্থ হচ্ছে 'সুদ' বা কুসীদ। সুদ হচ্ছে ফারসী ও উর্দু বা আরবী 'রিবা'র প্রতিশব্দ হিসেবে ব্যবহৃত। পবিত্র কুরআন শরীফে সুদকে হারাম ঘোষণা করা হয়েছে। সুরা বাকারাহ, আয়াত-২৭৬ এ উলে-খকরা হয়েছে যে, يَمْحَقُ اللَّهُ الرِّبَا وَيُرْبِي الصَّدَقَاتِ ۗ وَاللَّهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ أَثِيمٍ "আল্লাহতা'আলা সুদকে নিশ্চিহ্ন করেন এবং দান খয়রাতকে বর্ধিত করেন। আল্লাহ পছন্দ করেন না কোন অবিশ্বাসী পাপীকে।" আবার সুরা আর-রুম, আয়াত -৩৯ এ উলে-খকরা হয়েছে যে, وَمَا آتَيْتُم مِّن رِّبًا لِّيَرْبُوَ فِي أَمْوَالِ النَّاسِ فَلَا يَرْبُو عِندَ اللَّهِ ۖ وَمَا آتَيْتُم مِّن زَكَاةٍ تُرِيدُونَ وَجْهَ اللَّهِ فَأُولَٰئِكَ هُمُ الْمُضْعِفُونَ "মানুষের ধন-সম্পদে তোমাদের ধন-সম্পদ বৃদ্ধি পাবে, এই আশায় তোমরা সুদে যা কিছু দাও, আল্লাহর কাছে তা বৃদ্ধি পায় না। পক্ষান্তরে, আল্লাহর সন্তুষ্টি লাভের আশায় পবিত্র অন্তরে যারা দিয়ে থাকে, অতএব, তারাই দ্বিগুণ লাভ করে।"

উল্লেখ্য যে 'রিবা' অর্থাৎ বৃদ্ধি পাওয়াকে হারাম ঘোষণা করা হলেও সকল প্রকার বৃদ্ধিকে রিবা বলে আখ্যায়িত করে হারাম করা হয়নি। কারণ ব্যবসা-বাণিজ্যেও মুলধন বৃদ্ধি পেয়ে থাকে যা 'মুনাফা' নামে আখ্যায়িত। মুলধনের এ বৃদ্ধি অর্থাৎ 'মুনাফা' সুদের অন্তর্ভুক্ত নয় এবং তা হারামও নয়। ইসলামে একটি বিশেষ ধরণের বৃদ্ধিকে 'রিবা' বলে আখ্যায়িত করে হারাম করা হয়েছে যা প্রদত্ত মুলধনের উপর চুক্তি মোতাবেক আদায় করা হয়। সুতরাং একটি নির্দিষ্ট সময়ে পরিশোধের শর্ত সাপেক্ষে কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থ বা দ্রব্যের বিপরীতে চুক্তি মোতাবেক পূর্বনির্ধারিত হারে কোনো বিনিময় ব্যতিত যে অতিরিক্ত অর্থ বা দ্রব্য আদায় করা হয় কিংবা একই শ্রেণীভুক্ত মালের হাতে হাতে লেনদেনকালে কোনো বিনিময় ব্যতীত অতিরিক্ত যে পরিমাণ মাল গ্রহণ করা হয় তাকে 'রিবা' বলে। নন-লাইফ বা বাণিজ্যিক বীমাতে উপরে উলে-খিততিনটি বিষয় অর্থাৎ আল-ঘারার, আল-মাইসির এবং আল-রিবা থাকতে তা মুসলমানদের কাছে গ্রহণযোগ্য নয়। কিন্তু বীমার প্রয়োজনও কোনোক্রমে উপেক্ষা করা যায় না। তাই ওলামা ও ফিকাহবিদগণ বাণিজ্যিক বীমার বিকল্প হিসেবে শরীয়াহ নীতিমালা অনুসারে মুসলমানদের কাছে গ্রহণযোগ্য বীমা পদ্ধতি উদ্ভাবনের প্রতি দৃষ্টি দেন। ষাট ও সত্তরের দশকে মুসলমানদের মধ্যে এক নবজাগরেণের সৃষ্টি হয় এবং ওলামাগণ ইসলামী শরীয়াহ আইনের ভিত্তিতে ইসলামী অর্থনৈতিক ব্যবস্থার প্রচলনের মাধ্যমে মুসলমানদেরকে পুঁজিবাদ ও আলাপ-আলোচনার মাধ্যমে এ সিদ্ধান্তে উপনীত হন যে, ইসলাম সমবায় পদ্ধতিতে এবং পরস্পরের সহযোগিতায় বিশ্বাস করে এবং লাভ-লোকসানের ভাগাভাগি (আল-মুদারাবাহ) কারবার শরীয়াহ মোতাবেক গ্রহণযোগ্য।

আল্লাহতায়ালা পবিত্র কোরআন মাজিদে উল্লেখ করেন, **وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقْوَىٰ ۖ وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ ۚ وَاتَّقُوا اللَّهَ ۖ إِنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ** "সৎকর্ম ও খোদাভীতিতে একে অন্যের সাহায্য কর। পাপ ও সীমালঙ্ঘনের ব্যাপারে একে অন্যের সহায়তা করো না। আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহতায়ালা কঠোর শাস্তিদাতা।" (সুরা মায়েদাহ-০২ এর কিছু অংশ) পবিত্র কোরআনের এরকম অসংখ্য আয়াত ও হযরত মুহাম্মদ (সঃ) এর বাণী থেকে প্রমাণ করা যায় যে, বীমা মুসলমানদের কাছে গ্রহণযোগ্য হতে পারে তবে তা আল-গারার, আল-মাইসির এবং আল-রিবা মুক্ত হতে হবে।

বীমাখাতে মানিলন্ডারিংয়ের ঝুঁকি ও প্রতিরোধের উপায়

মাহফুজুর রহমান

অবৈধ উপায়ে অর্জিত অর্থকে বৈধ করার জন্য ব্যবহৃত প্রক্রিয়াকেই বলে মানিলন্ডারিং। মূলত এ ধারণাকে সামনে রেখে পৃথিবীর বিভিন্ন দেশ মানিলন্ডারিং কার্যক্রমকে বিভিন্নভাবে সংজ্ঞায়িত করেছে। কোনো কোনো দেশ নিজেদের প্রয়োজন অনুসারে আনুষঙ্গিক বিষয়গুলোকেও মানিলন্ডারিং অপরাধ বলে চিহ্নিত করেছে। বাংলাদেশে যেমন ব্যাংক বহির্ভূত চ্যানেলে বিদেশ থেকে টাকা আনা বা বিদেশে টাকা প্রেরণকেও মানিলন্ডারিং অপরাধের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

বাংলাদেশে বিদ্যমান মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ফ) ধারায় মানিলন্ডারিংয়ের সংজ্ঞা প্রদান করা হয়েছে। এ ধারা অনুসারে অপরাধের সাথে সম্পৃক্ত সম্পত্তি জেনেও এর স্থানান্তর, রূপান্তর বা হস্তান্তর করা, বিদেশে অর্থ পাচার বা বিদেশ হতে অবৈধ পদ্ধতিতে অর্থ দেশে আনা এবং অন্য কোনোভাবে অপরাধলব্ধ সম্পত্তির সঙ্গে সম্পর্ক সৃষ্টি করা এবং রিপোর্ট ফাঁকি দেবার উদ্দেশ্য নিয়ে লেনদেন করাকেই মানিলন্ডারিং বলে। অনেকে মনে করেন যে, বীমাখাতে মানিলন্ডারিং করার সুযোগ নেই। এতদবিষয়ক আন্তর্জাতিক গবেষণা সংস্থা ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (এফএটিএফ) মনে করে যে, বীমাখাতের মাধ্যমে মানিলন্ডারিং করার সুযোগ বিদ্যমান। বীমা প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে মানিলন্ডারিং ঝুঁকি ও এর নিরসনের উপায় নিয়ে আন্তর্জাতিক সংস্থা-ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব ইন্স্যুরেন্স সুপারভাইজার্স (আইএআইএস) ব্যাপক গবেষণা করে প্রতিনিয়তই বীমাকারীদের জন্য নানা ধরনের সুপারিশ প্রণয়ন করছে।

গবেষণা ও প্রাপ্ত তথ্যাদি দ্বারা এটা প্রমাণিত যে, বীমা ব্যবসা মানিলন্ডারিংয়ের জন্যে বেশ ঝুঁকিপূর্ণ। তবে সব ধরনের বীমাপণ্যের ক্ষেত্রে ঝুঁকি সমান নয়। কিছু কিছু বীমাপণ্য ও স্কিম মানিলন্ডারারদের কাছে বেশ আকর্ষণীয় বলে বিবেচিত হয়ে থাকে। এরূপ ঝুঁকির স্বল্পতা বা আধিক্য নির্ভর করে স্কিমের জটিলতা, মেয়াদ, ধরন, চুক্তির শর্ত এবং পরিশোধ প্রণালীর উপর। জীবন বীমা ও সাধারণ বীমার ক্ষেত্রে ঝুঁকির ধরনও ভিন্নতর। জীবন বীমার ঝুঁকিগুলো আবর্তিত হয় মুনাফাযুক্ত এককালীন প্রিমিয়াম প্রদানের সুবিধা, পরিবর্তনশীল ইক্যুয়িটি সুবিধা, হস্তান্তরের সুবিধা, মেয়াদ পূর্তির পূর্বে সারেন্ডারের বা নতুন বেনিফিশিয়ারি নির্ধারণের সুবিধা এবং জামানত হিসেবে ব্যবহারের সুবিধা সম্বলিত পলিসিগুলোকে ঘিরে। আবার সাধারণ বীমার ক্ষেত্রে স্ফীত বা সম্পূর্ণ অস্তিত্বহীন দাবী, বীমাচুক্তি বাতিলপূর্বক প্রিমিয়ামের চেক দাবী, অতিরিক্ত প্রিমিয়াম পরিশোধ করে তা ফেরত প্রদানের অনুরোধ এবং বীমামূল্য কম দেখিয়ে প্রতারণার সুযোগ গ্রহণ সংক্রান্ত ঝুঁকিগুলো বিদ্যমান রয়েছে। তাছাড়া পুনঃবীমা প্রতিষ্ঠান বা মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের মাধ্যমেও মানিলন্ডারিং করার আশংকা থাকে।

আমরা জানি, বিশ্বব্যাপী মানিলন্ডালিং অপরাধ দমন করার লক্ষ্যে পৃথিবীকে আটটি ভাগে ভাগ করা হয়েছে এবং একটি করে তদারককারী প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে। অত্র এলাকার তদারককারী প্রতিষ্ঠান হচ্ছে এশিয়া প্যাসিফিক গ্রুপ অন মানিলন্ডারিং বা এপিজি। আবার বাংলাদেশে বিষয়টি তত্ত্বাবধানের জন্য তৈরি করা হয়েছে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)। প্রতিষ্ঠানটি বাংলাদেশ ব্যাংকের সহায়তা নিয়ে দায়িত্ব পালন করে।

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ব)(ই) ধারা অনুসারে বীমাকারী প্রতিষ্ঠানসমূহকে 'রিপোর্ট প্রদানকারী সংস্থা'র তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। একই আইনের ২৫(১) ধারা অনুসারে রিপোর্ট প্রদানকারী সংস্থার জন্য নিম্নরূপ প্রতিরোধমূলক ব্যবস্থা বাধ্যতামূলক করা হয়েছে। এগুলো হলো: (ক) গ্রাহকের সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ বা কেওয়াইসি করা; (খ) কোনো গ্রাহকের হিসাব বন্ধ হলেও কমপক্ষে পাঁচ বছর পর্যন্ত তার হিসাবের যাবতীয় তথ্য সংরক্ষণ করা; (গ) সংরক্ষিত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক সরবরাহ করা এবং (৪) সন্দেহজনক লেনদেন বা লেনদেনের প্রচেষ্টা পরিলক্ষিত হলে তা নিজের উদ্যোগে অবিলম্বে বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করা। গ্রাহকদের কেওয়াইসি সঠিকভাবে করতে হলে নির্ভরযোগ্য উৎস হতে তথ্য সংগ্রহ করতে হয়। আবার এসব তথ্য যাচাই করার ক্ষেত্রেও যথাযথ এবং উপযুক্ত মাধ্যম ব্যবহার করতে

ভাইস চেয়ারম্যান
এনআরবি ইসলামিক লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড এবং
প্রাক্তন ডেপুটি হেড বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

হবে। গ্রাহকের ব্যবসায়ের প্রকৃতি, পরিধি ও লেনদেনকৃত অর্থের উৎস জানতে হবে, হিসাবের প্রকৃত সুবিধাভোগী সম্পর্কে জানতে হবে। বড় বড় গ্রাহকদের ক্ষেত্রে চলমান মনিটরিং বহাল রাখতে হবে। আবার কেউ যাতে ভুয়া নামে বা ঠিকানায় পলিসি ক্রয় করতে না পারে সেজন্য সর্বাত্মক ব্যবস্থা রাখতে হবে।

বিশ্বব্যাপী রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের (Politically Exposed Persons: PEPs) হিসাব মনিটরিং করার বিধান চালু হয়েছে। সুতরাং উচ্চ ঝুঁকিসম্পন্ন এবং নন-কো-অপারেটিভ দেশ বা অঞ্চলের পলিসি গ্রাহকদের ব্যাপারে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হয়। বীমাখাতে মানিলন্ডারিং বন্ধ করার অন্যতম কৌশল গ্রাহকের লেনদেন মনিটরিং করা। বীমাচুক্তির সুবিধাভোগী পরিবর্তন, বীমার মূল্য ও প্রিমিয়াম পরিশোধ সম্পর্কিত নির্দেশনার পরিবর্তন, নগদ লেনদেন বা বড় অংকের একক প্রিমিয়াম প্রদান, প্রিমিয়ামদাতার সঙ্গে বীমা পলিসি গ্রাহকের সম্পর্ক অস্পষ্ট থাকা, বীমার অর্থ মেয়াদ পূর্তির আগেই প্রদানের অনুরোধ, মেয়াদ পূর্তির আগে পলিসি স্থগিত করা বা মেয়াদ পরিবর্তন করা এবং পলিসি জামানত রেখে ঋণ গ্রহণের আবেদন করার বিষয়গুলো গভীরভাবে অনুসন্ধিৎসু মন নিয়ে লক্ষ্য রাখতে হবে এবং পরীক্ষা করতে হবে।

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজ্যুলেশন যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। আন্তর্জাতিক মানি লন্ডারার বা সন্ত্রাসী ও সন্ত্রাসে অর্থায়নকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে জাতিসংঘ কর্তৃক নিষিদ্ধ ঘোষণা করা হয়ে থাকে। জাতিসংঘ কর্তৃক প্রকাশিত নিষেধাজ্ঞা তালিকায় অন্তর্ভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কোনো অবস্থাতেই বীমাসেবা প্রদান করা যাবে না। সুতরাং প্রতিটি বীমাকারী প্রতিষ্ঠানকেই জাতিসংঘের নিষেধাজ্ঞাভিত্তিক পরীক্ষণ ব্যবস্থা থাকতে হবে। বীমা পলিসি গ্রাহকদের লেনদেন ও কার্যক্রম দেখে বীমাকারীর মনে কখনো কখনো সন্দেহের উদ্রেক হতে পারে। বিদ্যমান মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(য) ধারায় 'সন্দেহজনক লেনদেন' এর সংজ্ঞা প্রদান করা হয়েছে। এতে বলা হয়েছে: (১) যা স্বাভাবিক লেনদেনের ধরন হতে ভিন্ন; (২) যে লেনদেন সম্পর্কে এরূপ ধারণা হয় যে, এই অর্থ কোনো অপরাধ হতে অর্জিত এবং এই অর্থ কোনো সন্ত্রাসী কাজে, কোনো সন্ত্রাসী সংগঠনকে বা কোনো সন্ত্রাসীকে অর্থায়ন। এক্ষেত্রে বীমা পলিসি গ্রহীতার লেনদেন বা কার্যকলাপ দেখে যদি বীমাকারী প্রতিষ্ঠানের উপরোক্তরূপ সন্দেহ হয় তাহলে নিজ উদ্যোগে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটকে জানাতে হবে। এরূপ জানানোকে বলা হয় সন্দেহজনক লেনদেন রিপোর্টিং বা এসটিআর। কোনো বীমাকারী সন্দেহজনক লেনদেনের বিষয়টি নিশ্চিত হয়েও রিপোর্ট না করলে মানিলন্ডারিং অপরাধে অপরাধী হতে পারে। তাই নিজের এবং নিজ প্রতিষ্ঠানের স্বার্থে সন্দেহজনক লেনদেন রিপোর্ট করার একটি সংস্কৃতি চালু রাখা প্রয়োজন।

মানিলন্ডারিং প্রতিরোধ করা তথা নিজ প্রতিষ্ঠানকে কলুষমুক্ত রাখার প্রয়োজনে প্রতিটি বীমাকারী প্রতিষ্ঠানকেই সচেষ্ট থাকতে হবে। পলিসি-গ্রাহকের স্বাভাবিক কার্যক্রম ও স্বাভাবিক লেনদেন সম্পর্কে একটি ধারণা থাকলেই তার অস্বাভাবিক কার্যক্রম ও অস্বাভাবিক লেনদেন উদঘাটন করা সম্ভব। এজন্য পলিসি গ্রাহকের প্রকৃত পেশা এবং পলিসির ধরন জানা ও বিশ্লেষণ করা প্রয়োজন হতে পারে। এখানে একটি উদাহরণ দেওয়া যেতে পারে। ধরা যাক, একজন পলিসি গ্রাহক অবৈধভাবে টাকা উপার্জন করে সে টাকা দিয়ে দশ বছর মেয়াদী একটা পলিসি গ্রহণ করলেন। এক বছর পর তিনি পলিসিটা ভাঙ্গিয়ে বীমাকারীর নিকট হতে একটি চেক গ্রহণ করলেন। এক্ষেত্রে তিনি চেকটি ব্যাংকে জমা দেবেন; তবে ব্যাংকের মনে কোনো প্রশ্নের বা সন্দেহের উদ্রেগ হবে না। কারণ ,এটি একটি বীমা কোম্পানি কর্তৃক প্রদত্ত চেক। সঙ্গত কারণেই লোকটির অবৈধ অর্থ সকলের কাছে বৈধ অর্থ বলে প্রতীয়মান হবে। এভাবেই বীমা কোম্পানি তাকে মানিলন্ডারিং করার ক্ষেত্রে সহযোগিতা করে ফেলল যা প্রকৃতপক্ষে বীমাকারীর ইচ্ছাকৃত নয়। কিন্তু এক্ষেত্রে মানিলন্ডারিং অপরাধ হয়েছে বলে গণ্য হবে। মানিলন্ডারিং একটি জামিন-অযোগ্য অপরাধ।

বীমার ক্ষেত্রে প্রিমিয়াম ফেরত এবং আপাতদৃষ্টিতে ভুলবশত অতিরিক্ত প্রিমিয়াম জমা দিয়ে ফেলার ঘটনাটি বেশী ঘটে থাকে বলে গবেষকদের ধারণা। এসব বিবেচনায় বীমার ক্ষেত্রে সন্দেহের নিদর্শকসমূহ নিম্নে আলোচনা করা হলো।

- নিজ এলাকায় বিভিন্ন বীমা কোম্পানির অফিস থাকা সত্তেও দূরবর্তী কোনো স্থানে বীমা পলিসি ক্রয় করা;
- পলিসি গ্রহীতার স্বাভাবিক ব্যবসার বাইরে অন্য কোনো কাজের ওপর পলিসি গ্রহণ করা;
- মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন আইনসমূহ দুর্বল এমন দেশের এজেন্ট বা বীমাকারীর মাধ্যমে পলিসি ক্রয় করা;
- তথ্য প্রদানে অস্বীকৃতি বা অহেতুক বিলম্ব করা;
- গ্রাহক নিজে থেকেই অস্বাভাবিক শর্ত মেনে নেওয়ার প্রবণতা প্রদর্শন;
- ব্রোকারেজ ফার্ম বা অনিবাসী হিসাব হতে অর্থ পরিশোধ;

- ইন্স্যুরেন্স পলিসি ও প্রিমিয়ামের সামঞ্জস্যহীনতা;
- কোনো অজ্ঞাত ব্যক্তিকে বা পলিসি গ্রহীতার সঙ্গে অস্পষ্ট সম্পর্কযুক্ত মানুষকে নমিনি করা বা টাকা প্রদানের জন্য ক্ষমতার্পন করা;
- ক্ষতি মেনে নিয়েও মেয়াদপূর্তির আগে পলিসি ভাঙ্গিয়ে ফেলা;
- পলিসির বেনিফিসিয়ারি পরিবর্তন করা;
- পলিসি ক্রয়ের ক্ষেত্রে তৃতীয় পক্ষের চেক প্রদান করা;
- যে কোনোভাবে পলিসির অর্থ বিদেশে পাঠানোর অনুরোধ করা এবং
- একই ব্যক্তির একই ফার্মে বা বিভিন্ন ফার্মে অনেকগুলো পলিসি থাকা।

বীমাখাতের সন্দেজনক লেনদেন নিরূপণ করার ক্ষেত্রে এই নিদর্শকগুলো ভিত্তি হিসেবে কাজে লাগতে পারে। ইদানিং কেওয়াইসির পাশাপাশি কেওয়াইই নিয়েও কথা হচ্ছে। কেওয়াইই মানে হচ্ছে Know Your Employee। বীমাকারীর কোনো কর্মকর্তা বা কর্মচারি মানিলন্ডারিং বা সন্ত্রাসে অর্থায়নের কাজে জড়িত আছে কিনা তাও লক্ষ্য রাখতে হবে।

মানিলন্ডারিং প্রতিরোধের ক্ষেত্রে নিয়ন্ত্রক সংস্থার দায়িত্ব অপরিসীম। বাংলাদেশে বীমাকারী প্রতিষ্ঠানগুলো নিয়ন্ত্রণকারী হিসেবে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) কাজ করছে। দেশের বীমাখাতে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কর্তৃপক্ষের ভূমিকা খুব গুরুত্বপূর্ণ। বীমাকারী প্রতিষ্ঠানগুলোর প্রতিরোধমূলক কাজকে জোরদার করার মাধ্যমে দক্ষ বীমাবাজার এবং মানিলন্ডারিংমুক্ত বীমাখাত প্রতিষ্ঠা করা সম্ভব। এক্ষেত্রে প্রতিটি বীমাকারী প্রতিষ্ঠানেই দক্ষ জনবল গড়ে তোলা প্রয়োজন। আর এজন্য প্রয়োজন দেশে-বিদেশে কর্মকর্তাদের জন্য বিশেষ প্রশিক্ষণের আয়োজন। দুর্নীতি, মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের ক্ষেত্রে সরকারের আন্তরিকতা ও জিরো টলারেন্স নীতি দেশে মানিলন্ডারিং প্রতিরোধে সহায়ক। সরকারের নীতিমালার সঙ্গে সঙ্গতি রেখে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে। ভবিষ্যতেও তাদের অনুরূপ আন্তরিকতা এবং দক্ষ মনিটরিং দেশে কল্যাণমুখী বীমা সংস্কৃতি প্রতিষ্ঠা লাভে সহায়ক হবে।

বাংলাদেশে মোটর ইন্স্যুরেন্সের বাধ্যবাধকতা

এ কে এম মনিরুল হক

সভ্য সমাজের অনেকগুলো মানদন্ডের অন্যতম প্রধান মানদন্ড হচ্ছে দায়বদ্ধতা (Liability)। নিজের এবং অন্যের প্রতি দায়বদ্ধতা। যে দেশের জনগণ ও সমাজের দায়বদ্ধতা বেশি সেই দেশ তত সভ্য। আর এই দায়বদ্ধতা পালনকে সহজ করার জন্য আধুনিক অর্থনীতিতে লায়াবিলিটি ইন্স্যুরেন্সের উদ্ভব হয়েছে। তাই প্রথমে আমাদের এই মর্মে একমত হতে হবে যে নিজেকে সভ্য সমাজের অংশ হিসেবে দাবিদার হতে হলে, রাস্তায় গাড়ি চালাতে হলে আমরা আমাদের দায়বদ্ধতাকে এড়াতে পারি না, বিশেষ করে গাড়ি চালাতে গিয়ে সাধারণ মানুষ আর তৃতীয় পক্ষের সম্পদের হেফাজত আমাদের দায়িত্ব। গাড়ির যে কোনো দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মানুষ বা সম্পদের ক্ষতিপূরণ গাড়ির মালিককে বহন করতে হবে। গাড়ির মালিক এই ক্ষতি আধুনিক অর্থনীতির একটি হাতিয়ার বীমার মাধ্যমে পূরণ করবেন। সেই কারণে রাস্তায় গাড়ি নামাতে বা চালাতে হলে মোটর বীমা বাধ্যতামূলক করা প্রয়োজন। বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে মোটর কম্প্রেহেন্সিভ ইন্স্যুরেন্স গ্রহণ কঠিন হলেও অন্ততপক্ষে মোটর লায়াবিলিটি ইন্স্যুরেন্স গ্রহণ বাধ্যতামূলক করা উচিত।

বাংলাদেশে কোনো মোটর দুর্ঘটনার পর যে পক্ষ বেশি সম্পৃক্ত হন তারা হচ্ছে থার্ডপার্টি অর্থাৎ আমজনতা। তারা দূর্ঘটনার জন্য দায়ী গাড়ীর ক্ষতিসাধন করে কিন্তু নিজেদের আর্থিক সুরক্ষা সম্পর্কে ওয়াকিবহাল নয়। এ ব্যাপারে সচেতনতা বাড়াতে হবে। দুর্ঘটনার পর যাত্রী বা রাস্তার পথচারীদের ক্ষতিপূরণ, মৃত্যুজনিত ক্ষতিপূরণ বা চিকিৎসাজনিত খরচ, ক্ষতিগ্রস্ত সম্পত্তির ক্ষতিপূরণ ইত্যাদি সম্পর্কে জানা থাকলে গাড়ীর ক্ষতিসাধন না করে বীমা দারি পাওয়ার বিষয়ে আগ্রহী হবে। মারমুখী জনতার রোষ থেকে বাঁচার জন্য পালাতে গিয়ে ড্রাইভার আরো এক্সিডেন্ট করে বসে। লায়াবিলিটি মোটর বীমার উপর গুরুত্বারোপ বা বাধ্যতামূলক করা হলে এসব প্রবণতা কমবে বলে আশা করা যায়। যদি রাস্তায় অথবা অন্য যে কোনো স্থানে মোটর চালিত যানবাহন/পণ্যবাহন নিয়ে যান (মালিক অথবা ড্রাইভার অথবা দুজনই), তাহলে সম্ভাব্য দু'টো-দায়' (লায়াবিলিটি) থাকবে। কোনো দুর্ঘটনায় যানবাহন/পণ্যবাহন পতিত হলেই মালিক বা ড্রাইভার হিসেবে একক অথবা যৌথ ভাবে ক্রিমিনাল, সিভিল অথবা এই দু'টোতেই লায়াবল হতে পারে। দুর্ঘটনায় পতিত যানবাহন অথবা পণ্যবাহন অন্য মানুষের (যাত্রী, বাইরের সাধারণ মানুষ) প্রাণহানি বা অঙ্গহানি বা আহত করতে পারে। তাছাড়া অন্যের সম্পত্তির (বাড়ী, গাড়ী, পণ্য) ক্ষতিসাধন করতে পারে।

আদালত সিভিল লায়াবিলিটি এর বিপরীতে আর্থিক ক্ষতিপূরণ প্রদান এবং ক্রিমিনাল লায়াবিলিটি এর বিপরীতে জেল / আর্থিক ক্ষতিপূরণ অথবা দু'টোর রায়ই দিতে পারে। ক্রিমিনাল লায়াবিলিটি থেকে উদ্ধার পাওয়ার কোনো বিকল্প ব্যবস্থা নেই। পক্ষান্তরে সিভিল লায়াবিলিটি থেকে উদ্ধার পাওয়ার জন্য বীমার ব্যবস্থা আছে। যানবাহন / পণ্যবাহনের দুই ধরনের বীমাপত্র (পলিসি) বিক্রি হয়। একটা হলো শুধুমাত্র চালক, যাত্রী, রাস্তার বা বাইরের সাধারণ মানুষের জান আর মাল। একে বলা হয় থার্ড-পার্টি লায়াবিলিটি ইন্স্যুরেন্স। দ্বিতীয় ধরনের বীমাপত্রকে কমপ্রিহেনসিভ ইন্স্যুরেন্স বলা হয়। এতে থার্ড-পার্টি লায়াবিলিটি এর সাথে সাথে আপনার যানবাহন / পণ্যবাহনের ক্ষতিপুরণের ব্যবস্থা আছে। আপনি কমপ্রিহেনসিভ ইন্স্যুরেন্স কিনলে আর থার্ড-পার্টি ইন্স্যুরেন্স কেনার দরকার নেই।

বাংলাদেশ সড়ক পরিবহন আইন ২০১৮ এর ধারা ৬০ এর উপধারা ১, ২, ৩ মতে তৃতীয় পক্ষ বীমা বা থার্ড-পার্টি লায়াবিলিটি ইন্স্যুরেন্স নেওয়া বাধ্যতামূলক নয়। কথাটা খুব সম্ভব ঠিক নয়। কেননা এই আইনের ধারা/উপধারার ভুল ব্যাখ্যা করা হচ্ছে বলে অনেক বীমা বিশেষজ্ঞ মনে করেন। বাংলাদেশ সড়ক পরিবহন আইন ২০১৮ এর ধারা ৬০, মোটরযানের 'দুর্ঘটনার জন্য ক্ষতিপূরণ, চিকিৎসা এবং বীমা' সংক্রান্ত। এই ধারাতে মোট ৪টি উপধারা আছে যা নিম্নরূপ :-

(১) কোনো মোটরযানের মালিক বা প্রতিষ্ঠান ইচ্ছা করিলে তাহার মালিকানাধীন যে কোনো মোটরযানের জন্য যে সংখ্যক যাত্রী পরিবহনের জন্য নির্দিষ্টকৃত তাহাদের জীবন ও সম্পদের বীমা করিতে পারিবে।

(২) মোটরযানের মালিক বা প্রতিষ্ঠান উহার অধীন পরিচালিত মোটরযানের জন্য যথানিয়মে বীমা করিবেন এবং মোটরযানের ক্ষতি বা নষ্ট হওয়ার বিষয়টি বীমার আওতাভুক্ত থাকিবে এবং বীমাকারী কর্তৃক উপযুক্ত ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেন।

চেয়ারম্যান
নিটল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড

(৩) মোটরযান দুর্ঘটনায় পতিত হইলে বা ক্ষতিগ্রস্ত হইলে বা নষ্ট হইলে উক্ত মোটরযানের জন্য ধারা ৫৩ এর অধীন গঠিত আর্থিক সহায়তা তহবিল হইতে কোনো ক্ষতিপূরণ দাবি করা যাইবে না।

(৪) বীমার শর্ত, বীমার দায়-দায়িত্বের সীমা, বীমার দেউলিয়াত্ব, বীমা-দাবী পরিশোধ, বিরোধ-নিষ্পত্তি, বীমা সনদের কার্যকারিতা ও উহা হস্তান্তর, এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় বিধি দ্বারা নির্ধারিত হইবে।

উপধারা ১ এবং ২ বীমাপত্র কেনা বাধ্যতামূলক কি না, যদি বাধ্যতামূলক হয় তাহলে কোনো ধরনের বীমাপত্র কেনা বাধ্যতামূলক, আর বাধ্যতামূলক না হলে কোনো ধরনের বীমাপত্র কেনা বাধ্যতামূলক না তা বলা আছে। সম্প্রতি বিআরটিএ কর্তৃক জারিকৃত ৩০শে সেপ্টেম্বর, ২০২০ ইংরেজি তারিখের প্রজ্ঞাপনের চিঠিতে উপরোক্ত ৬০ ধারার ব্যাখ্যা দিয়ে সুস্পষ্টকরা হয়েছে যে থার্ড-পার্টি লায়াবিলিটি ইন্স্যুরেন্স কেনা বাধ্যতামূলক নয়। আর সেজন্য কারো থার্ড-পার্টি লায়াবিলিটিইন্স্যুরেন্স না থাকলে তার বিরুদ্ধে মামলা দেওয়ার সুযোগ নেই। ফলে একটা যানবাহন বা পণ্যবাহন আপনাকে অথবাআপনার প্রোপার্টি দুমড়েমুচড়ে দিলে ও ক্ষতিপূরণ পাওয়ার সুযোগ নেই। আগে তবুও মারা গেলে ২০ হাজার টাকা পাওয়া যেতো আর থার্ড পার্টির সম্পদের ক্ষতিতে ৫০ হাজার টাকা। উপধারা ১ এ বলা হয়েছে কোনো মোটরযানের মালিক ইচ্ছাকরিলেচ যতটা সিট সেই মোটরযানের যাত্রীর জন্য নির্দিষ্ট করা (অর্থাৎ সিটিং ক্যাপাসিটি - ৬০ জন, ১০০ জন ইত্যাদি), তাহাদের জীবন ও সম্পদের বীমাচ করিতে পারিবে। এই ধারাটা অসম্পূর্ণ। এতে যাত্রীর জান, মালেরচ বীমা করাকেবাধ্যতামূলক করা হয়নি। মালিক যদি ইচ্ছে করেনচ যাত্রীর জান, মালের বীমাপত্র নিতে পারেন। এই উপধারাকে রেফারেন্স টেনে বিআরটিএ তার প্রজ্ঞাপনে বলেছে থার্ড-পার্টি লায়াবিলিটিচ ইন্স্যুরেন্স কেনা সড়ক পরিবহন আইন ২০১৮ মোতাবেক বাধ্যতামূলক নাচ।

এই উপধারার অসম্পূর্ণতা হলো এতে শুধুমাত্র যাত্রীর জান, মালের বীমাপত্র নিয়ে বলা হয়েছে। থার্ড-পার্টি লায়াবিলিটি ইন্স্যুরেন্স শুধুমাত্র যাত্রীর জান ও মালের বীমাপত্র না। এতে এই যাত্রীসহ বাইরের সাধারণ মানুষ (যেমন কোনো পথচারীকে ধাক্কা দিয়ে বা চাকায় পিষে মেরে ফেলে) এবং তাদের সম্পত্তির (যেমন দোকান বা বাড়ী বা অন্য মোটরযান বা অন্য কোনো কিছু কে ধাক্কা দিয়ে ক্ষতিগ্রস্ত করে), তাও থার্ড-পার্টি লায়াবিলিটি এর আওতাভুক্ত। সুতরাং এই ধারা এককভাবে অসম্পূর্ণ। উপধারা ২ তে বলা হয়েছে, মোটরযানের মালিক তার মোটরযানের যথানিয়মে বীমা করিবেন। যথানিয়ম বলতে কোনো নিয়ম বা কী নিয়ম, তা পরিষ্কার করে বলা হয়নি। এটা শাব্দিক অর্থ ধরে বলা যায় এখানে বীমা করাকে বাধ্যতামূলকচ করা হয়েছে। এখানে বীমা ইচ্ছাধীন নয়, যা আছে উপধারা ১ এ।

এখন প্রশ্ন হচ্ছে কী বীমা করবে? এই উপধারায় বলা হচ্ছে মোটরযানের ক্ষতি বা নষ্ট হওয়ার বিষয়টি বীমার আওতাভুক্ত থাকিবেচ। এটা পরিষ্কার করেই বলা হচ্ছে কমপ্রিহেনসিভ ইন্স্যুরেন্স নিতে হবে। কমপ্রিহেনসিভ ইন্স্যুরেন্স নিলে থার্ড-পার্টি লায়াবিলিটি ইন্স্যুরেন্সচ স্বয়ংক্রিয়ভাবে নেওয়া হয়ে গেলো। আর তখন উপধারা ১ এ দেওয়া আংশিকচ থার্ড-পার্টি লায়াবিলিটি ইন্স্যুরেন্স আর ঐচ্ছিক থাকে না। উপধারা ২ এর উপর্যুক্ত ব্যাখ্যা থেকে বলা যায় থার্ড-পার্টি লায়াবিলিটি ইন্স্যুরেন্সচ নেওয়া ইচ্ছাধীন নয়। ঐচ্ছিক করতে হলে যাত্রীর জান আর মালেরচ সাথে অন্য থার্ড-পার্টি ও তাদের সম্পত্তি সম্পর্কে উল্লেখ করতে হবে। সাথে সাথে উপধারা ২ কে পরিষ্কার করতে হবে যথাযথ নিয়ম বলতে কি বোঝানো হয়েছে। কমপ্রিহেনসিভ ইন্স্যুরেন্স বাধ্যতামূলক কে পাল্টাতে হবে। যদি উপধারা ১ ঐচ্ছিক না হয়, তাহলে বিআরটিএ এর আলোচ্য প্রজ্ঞাপনের ভিত্তি থাকে না আর তাদের তখন তার সংশোধনী দেওয়া জরুরী হয়ে পড়ে।

উপরন্তু সরকার, বিআরটিএ বা অন্য কোনো অথরিটি যানবাহনের বা পণ্যবাহনের সিভিল লায়াবিলিটি (লায়াবিলিটি আন্ডার টর্ট) রদ বা রহিত করতে পারেনা। যদি করে, তবে ভিক্টিম এর ক্ষতিপূরণ পাওয়ার উৎস কী তার প্রশ্ন থেকে যায়।

উপরে উল্লেখিত কথাগুলোকে যদি আমরা সরলীকরণ করি তা হলে বলতে হয়ঃ

১. মোটর বীমা বাধ্যতামূলক করা।

২. কম্প্রিহেন্সিভ মোটর বীমা যদি বাধ্যতামূলক করা হয় তবে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতাকে বিবেচনায় রেখে প্রিমিয়াম, ক্ষতিপূরণ ও অন্যান্য বিষয়কে বিবেচনায় নিয়ে এবং তাদের ক্রয় ক্ষমতাকে প্রাধান্য দিয়ে একটি রুলস অব বিজনেসের নির্দেশনা দিতে হবে সংশিষ্ট কর্তৃপক্ষকে।

৩. কম্প্রিহেন্সিভ মোটর বীমাকে বাধ্যতামূলক না করে বাংলাদেশের আর্থসামাজিক ব্যবস্থাকে বিবেচনায় এনে এবং পার্শ্ববর্তী দেশগুলোর আদলে বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন (বিআইএ) প্রস্তাবিত নতুন পরিকল্প অর্থাৎ Motor Liability Insurance কে বাধ্যতামূলক করা যেতে পারে। যেন ন্যূনতম বীমা পলিসি নিয়ে মোটর মালিক তার দায়বদ্ধতাকে সামাল দিতে পারেন।

৪. বিআইএ প্রণীত Motor Liability Insurance পরিকল্পটি বাধ্যতামূলক করতে হলে-

ক. বর্তমান প্রিমিয়ামের পরিমাণ বাড়াতে হবে

খ. বর্তমান ক্ষতিপূরণের অংক বাড়াতে হবে

গ. ক্ষতি বা দাবীপূরণের প্রক্রিয়াকে সহজিকরণ করতে হবে। সে ক্ষেত্রে আদালতে স্থায়ী বেঞ্চ গঠন করে ক্ষতিগ্রস্ত দের যথাশীঘ্র ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে।

ঘ. নির্ধারিত সীমার পরও আদালতের ডিক্রির উপর প্রাধান্য দিয়ে ক্ষতিপুরণের ব্যবস্থা করা যেতে পারে কেইস টু কেইস ভিত্তিতে। চলচ্চিত্র নির্মাতা তারেক মাসুদের সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার মামলায় ক্ষতিপূরণ ধার্য্য করে আদালত রায় দেন ৪ কোটি ৬১ লক্ষ টাকা। গাড়ীর মালিক এই ভদ্রলোক যদি এই রায় সম্পর্কে জানতেন, তাহলে না খেয়ে হলেও ইন্সুরেন্স কিনতেন। কাল যদি, আল্লাহ না করু ক, এমন আরেক তারেক মাসুদ ওনার গাড়ীর সাথে ধাক্কা খান তখন কী হবে? যদি ইন্সুরেন্স থাকে তার ক্ষতিপূরণ সম্ভব কেননা আদালতের রায় বীমা কোম্পানি ও পুনঃবীমা কোম্পানিকে মানতে বাধ্য করতে আইন করা উচিত বলে বিশ্লেষকরা মনে করেন।

বীমা ব্যবস্থার মাধ্যমে গ্রাহক ও তৃতীয় পক্ষের ক্ষতিপুরন সম্ভব। বর্তমানে আমাদের দেশে মোটর ভেহিক্যালের বিপরীতে কোনো ধরনের বীমার বাধ্যবাধকতা নেই। তাই জান-মালের নিরাপত্তায় এবং জাতীয় অর্থনীতিতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভুমিকা রাখার প্রত্যয়ে, ব্যাপক ঝুঁকি সম্মলিত Motor Comprehensive Insurance বাধ্যতামূলক করা যেতে পারে।

যানবাহন ও সড়ক দূর্ঘটনা সংক্রান্ত পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে,

- বিআরটিএ-র তথ্য অনুযায়ী বাংলাদেশে নিবন্ধিত ২০২১ সাল অক্টোবর পর্যন্ত ২০ ধরনের মোটরচালিত যানবাহনের সংখ্যা = ৪৯,০০,০০০ লক্ষের বেশি
- এর মধ্যে সংখ্যার দিক দিয়ে সর্বোচ্চ মোটরসাইকেল ৩৪,১২,৭৩০টি যা নিবন্ধিত যানবাহনের প্রায় ৭০ শতাংশ।
- ২০১৬ সাল থেকে প্রতি বছর ৪ (চার) লক্ষ বা এর অধিক মোটরযান নিবন্ধিত হচ্ছে।
- এক্সিডেন্ট রিসার্চ ইনস্টিটিউট (এআরআই) এবং বুয়েটের ২০২০ সালের গবেষণায় দেখা যায় যে, গত দুই দশকে ৫৮,২০৮টি সড়ক দুর্ঘটনায় ৫৬,৯৮৭ জন মানুষ প্রাণ হারিয়েছেন অর্থাৎ প্রতিদিন গড়ে ৮(আট) জন মানুষ রাস্তায় প্রাণ হারাচ্ছেন।
- যাত্রী কল্যাণ সমিতির পরিসংখ্যান অনুযায়ী মোট দুর্ঘটনার ৩১ শতাংশ মৃত্যু হয় মোটর সাইকেল দুর্ঘটনায় যার ৮০ শতাংশই কিশোর তরুণ যুবক, যারা দেশের অর্থনীতিতে বিরাট ভূমিকা রাখতে পারতো।
- গার্ডিয়ানের তথ্যনুযায়ী অনুযায়ী দেশের ১.২ বিলিয়ন পাউন্ডের ক্ষতি মত হয়। শুধুমাত্র সড়ক দুর্ঘটনার দরুন যা জিডিপির বৈদেশিক বরাদ্দের ২ শতাংশের সমান। আর ইউনেস্কোর (UNESCO) হিসাব অনুযায়ী প্রতিবছর ৩৮০০০ শিশু এতিম হয় সড়ক দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে।
- এছাড়া আহত হয়েছেন আরো কয়েকগুণ মানুষ, আহত ব্যক্তিদের মধ্যে অনেকেই হয়েছেন চিরতরে পঙ্গু। তাই উপর্যুক্ত পর্যালোচনা ও প্রস্তাবনা অনুযায়ী মোটর বীমা বাধ্যতামূলক করা হলে-
- বিপুল পরিমাণে প্রিমিয়াম আয় বৃদ্ধি পাবে ফলশ্রুতিতে বৃদ্ধি পাবে বীমা পেনিট্রেশন,
- প্রিমিয়াম বৃদ্ধির ফলে সরকারী কোষাগারে অর্থ জমার হারও বৃদ্ধি পাবে বহুগুণ,
- সর্বোপরি জনগণের জান-মালের সঠিক নিরাপত্তা দেওয়া সম্ভব হবে যা এদেশকে সভ্য সমাজের দায়বদ্ধতা রক্ষা করে মধ্যম আয়ের দেশ হিসেবে এগিয়ে যেতে সাহায্য করবে যার জন্য বর্তমান সরকার প্রতিজ্ঞাবদ্ধ।

বাংলাদেশের ক্রমবিকাশমান অর্থনীতিতে বীমা শিল্প
প্রত্যাশা ও প্রাপ্তি

শ্যামল কৃষ্ণ সরকার

নিম্ন আয়ের দেশ থেকে বেরিয়ে বাংলাদেশ নিম্ন-মধ্য আয়ের দেশে উন্নীত হয়েছে। দেশের বর্তমান মাথাপিছু আয় ২৫৯১ মার্কিন ডলার এবং মোট জিডিপি ৪১৬ বিলিয়ন মার্কিন ডলার। মাথাপিছু আয় বৃদ্ধির হার ১০% এর কাছাকাছি এবং জিডিপি বিগত বছর গুলোতে ৭.৫% এর কাছাকাছি হারে বেড়েছে। দেশের কাঠামোগত উন্নয়নে অভূতপূর্ব অগ্রগতি লক্ষ্য করা যাচ্ছে। স্বভাবতই প্রশ্ন জাগে অন্যান্য খাতের মতো বীমা খাত কি সে গতিতে তাল মিলাতে পারছে? বীমা শিল্পকে পিছনে রেখে অন্যান্য শিল্পের উন্নতি আসলেই কি টেকসই উন্নয়নের ধারক হতে পারবে? শিল্প ও অবকাঠামোগত উন্নয়ন দৈব দূর্বিপাক বা দুর্ঘটনাজনিত আর্থিক ক্ষতির ঝুঁকির মধ্যে থাকে। বীমা শিল্প সে আর্থিক ঝুঁকি বহন করে উন্নয়নকে ত্বরান্বিত এবং টেকসই করে। তবে পিছিয়ে পড়া বীমা শিল্প ক্রম-বিকাশমান বাংলাদেশের অর্থনীতির সাথে তাল মিলাতে পারছে কিনা নিম্নোক্ত বিষয়গুলো লক্ষ্য করলে সহজেই বোঝা যায়-

- ২০২০ সালে হংকংয়ের মোট জিডিপিতে বীমা শিল্পের অবদান ছিল ২০.৮%, তাইওয়ানের ১৭.৪%, দক্ষিণ আফ্রিকার ১৩.৭%, যুক্তরাষ্ট্রের ১২%, দক্ষিণ কোরিয়ার ১১.৬%, ইংল্যান্ডে ১১.১% । আমাদের প্রতিবেশি দেশ ভারতের বিশাল আকার জিডিপিতে বীমা শিল্পের অবদান ৪.২%, চীনের ৪.৫%, মালয়েশিয়ার ৫.৪%, থাইল্যান্ডের ৫.৩%। বিশ্ব জিডিপির ৭.৪% এসেছে বীমা খাত থেকে । তবে অত্যন্ত পরিতাপের বিষয় বাংলাদেশের ক্রমবিকাশমান জিডিপিতে বীমা শিল্প অবদান রাখছে মাত্র ০.৪% (উৎস: The Business Standard & Insurance Information Institute)।
- বাংলাদেশে বীমা শিল্পের ভাবমূর্তির সংকট এবং বীমা বিষয়ে সচেতনতার অভাব এ শিল্পের জন্য বড় সংকটের কারণ। সাধারণ জনগণ এখনো বীমাকে সাদরে গ্রহণ করতে বা এর সুফল ভোগ করতে অভ্যস্ত হয়ে উঠেনি। দাবী মীমাংসায় দীর্ঘসূত্রিতা, গ্রাহক ভোগান্তি এ শিল্পের উন্নয়নের পথের কাঁটা। সরকার এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সর্বোচ্চ চেষ্টায় পরিস্থিতি কিছুটা উন্নতি হলেও কাঙ্খিত সাফল্য এখনো আসেনি।
- Micro Insurance প্রান্তিক স্তরের গ্রাহকের কাছে পৌঁছানো অন্যতম মাধ্যম। নিম্ন আয়ের মানুষকে বীমা সুফলের ভাগীদার করতে চাইলে Micro Insurance এর ব্যাপক প্রচার ও প্রসার করা প্রয়োজন। সাম্প্রতিক সময়ে অল্পকিছু Micro Insurance পলিসি চালু হয়েছে তবে এর প্রসার আশা ব্যঞ্জক নয়। মুজিব বর্ষে 'বঙ্গবন্ধু সুরক্ষা বীমা', 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' সহ অন্যান্য Micro Insurance গুলোর ব্যাপক প্রচার সম্ভব হলে এদেশের সকল স্তরের মানুষ বীমা সুবিধা ভোগে আগ্রহী হবেন।
- যানবাহনের বীমার ক্ষেত্রে পার্শ্ববর্তী সকল রাষ্ট্রে বাধ্যবাধকতা থাকলেও বাংলাদেশে বর্তমানে এই বাধ্যবাধকতা না থাকায় যানবাহন ও তৃতীয় পক্ষের ক্ষতি, ক্ষতিপূরণের আওতায় আনা সম্ভব হচ্ছে না যা দেশের সার্বিক উন্নয়নের সাথে সাংঘর্ষিক। দূর্ঘটনা অনিবার্য নিয়তি, যা প্রতিহত করা সম্ভব না হলেও বীমার মাধ্যমে ক্ষতি হ্রাস করা সম্ভব। মটর বীমার বাধ্যবাধকতা না থাকায় এ বীমা খাতটিও হুমকির মুখে রয়েছে।

সহকারী ব্যবস্থাপক,
সাধারণ বীমা কর্পোরেশন

- দাবী নিষ্পত্তিতে সর্বোচ্চ স্বচ্ছতা নিশ্চিত করা আবশ্যক। তবে পরিতাপের বিষয় জরিপকারী প্রতিষ্ঠান, বীমা প্রতিষ্ঠান, বীমা ব্যবসা নিয়ন্ত্রণ কারী সংস্থার সর্বোচ্চ চেষ্টার পরও সকল স্তরে স্বচ্ছতা প্রতিষ্ঠা অদ্যাবধি সম্ভব হয়নি। জরীপে ক্ষতির প্রকৃত বিষয় উঠে আসে এবং যার উপর ভিত্তি করে বীমাদাবী পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে অনেক ক্ষেত্রে জরিপকারীর অদক্ষতার বিষয়টি সামনে আসে যা এদেশের বীমা শিল্পের জন্য ক্ষতিকারক।
- বীমা শিল্পে দক্ষ কর্মীর সংকট বহুদিনের। পিছিয়ে থাকা এ শিল্পকে সামনের দিকে এগিয়ে নিতে, দেশের টেকসই উন্নয়নের অংশীদার হতে দক্ষ বীমা কর্মী সৃষ্টি সময়ের দাবী। দক্ষ বীমা কর্মীর বৈদেশিক চাহিদাও রয়েছে ব্যাপক। দেশের চাহিদা মিটিয়ে বিদেশে দক্ষ বীমা কর্মী প্রেরণ করা গেলে তা দেশের জন্য কল্যাণকর হবে।
- পুনঃবীমা বৈদেশিক লেনদেনের একটি মাধ্যম। বিশ্বায়নের যুগে ঝুঁকি হস্তান্তরে পুনঃবীমা দেশের সীমাকে অনেক আগেই পার করেছে। আমাদের দেশের সাধারণ বীমা কর্পোরেশনের মাধ্যমে দীর্ঘদিন যাবত দেশে ও বিদেশে পুনঃবীমা চালু রয়েছে। তবে বীমা শিল্পে বিশ্বের সাথে তাল মিলাতে দেশের মধ্যে আন্ত প্রতিষ্ঠান পুনঃবীমা চালু বা সাধারণ পুলের মাধ্যমে পুনঃবীমা এখন জরুরী হয়ে পড়েছে।

প্রত্যাশা ও সম্ভাবনা থেকে পিছিয়ে রয়েছে বাংলাদেশের বীমা খাত। দেশের উন্নয়নের সাথে তাল মিলাতে এ খাত এখন পূর্ণরূপে সফল হতে পারেনি । বাংলাদেশের উন্নতি দৃশ্যমান, তবে এই উন্নতির স্থিতিশীলতার পেছনে বীমা শিল্পের ব্যাপকভাবে অবদান রাখার সুযোগ আছে। দূর্ঘটনা অনিবার্য নিয়তি, কোনো অনাকাঙ্ক্ষিত দূর্ঘটনা দেশের উন্নয়নের পথে বাধা হতে পারে। যার ফলস্বরূপ বাংলাদেশের বর্তমান উন্নতি মুখ থুবড়ে পড়তে পারে। একমাত্র বীমা শিল্পই পারে সকল সম্পদের ঝুঁকি গ্রহণ করে আর্থিক নিরাপত্তা প্রদান করতে। সকল উন্নয়নের পেছনে থেকে অদৃশ্য শক্তি হিসেবে নিরাপত্তা বিধান করতে। বীমা শিল্পের উন্নতি ব্যতিরেকে সার্বিক টেকসই উন্নয়ন অকল্পনীয়। তবে এখনো সময় আছে বীমা শিল্পকে অগ্রাধিকার ভিত্তিতে উন্নীত করার। যাতে তাৎক্ষণিক ক্ষতি পুষিয়ে উঠার স্বক্ষমতা অর্জন করে দেশ এবং পরিণত হতে পারে টেকসই অর্থনীতির দেশে। বর্তমান সরকার বীমা শিল্প উন্নয়নের বিষয়ে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছেন। উন্নয়নে অগ্রাধিকার পাচ্ছে এ খাত। তারই অংশ হিসেবে বীমা বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে পালিত হচ্ছে বীমা দিবস। সর্বোপরি বাংলাদেশের বীমা শিল্প এগিয়ে যাক, বাংলাদেশের ক্রমবিকাশমান অর্থনীতি উন্নয়নের স্বর্ণশিখরে আরোহণ করুক আর বীমা শিল্প হোক সেই অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক এটাই প্রত্যাশা।

আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমাঃ প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় কৃষকের ঘুরে দাড়ানোর প্রেরণা

মোঃ আবদুল করিম

অর্থনৈতিক প্রবৃদ্ধিতে কৃষির ভূমিকা অনস্বীকার্য। কিন্তু প্রায় ৪৮% লোক সরাসরি কৃষি কাজে সম্পৃক্ত হওয়া সত্ত্বেও এদেশের কৃষি উৎপাদন ব্যবস্থা অনেকটা প্রকৃতি নির্ভর। বাংলাদেশের ভূপ্রকৃতিগত কারণে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবে প্রায় প্রতি বছর সৃষ্ট বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে কৃষি উৎপাদন যেমন ব্যহত হয় তেমনি কৃষকরা ক্ষতিগ্রস্থ হয়ে প্রায়শই নিঃস্ব সর্বশান্ত হয়ে হাহাকার করতে থাকে। গত ২০ বছরের পরিসংখ্যান পর্যালোচনা করলে দেখা যায় ১৯৯৫ জিডিপিতে কৃষিখাতের অবদান ২৭%। অথচ ২০১৩ সালে তা কমে দাঁড়ায় ১৬.৩%, ২০১৮ সালে ১৩.৭% এবং ২০১৯ সালে আরো করে দাঁড়ায় ১২.৬৮%। বলা বাহুল্য এর প্রধান কারণ জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব। তবে কৃষিবান্ধব বর্তমান সরকারে নানামুখী উদ্যোগের ফলে এদেশের কৃষি সেক্টর ঘুরে দাঁড়ানোর চেষ্টা করছে। ২০২১ সালে দেশের জিডিপিতে কৃষিখাতের অবদান কিছুটা বৃদ্ধি পেয়ে ১৪.২৩%-এ উন্নীত হয়। ব্যাপক জনগোষ্ঠী ও তাদের মৌলিক এই অর্থনৈতিক কর্মকান্ডের সাথে সংশিষ্ট প্রাকৃতিক দুর্যোগসহ বিভিন্ন ধরনের ঝুঁকি অনাবৃত রেখে দেশের Sustainable Development সম্ভব নয়। তাই জলবায়ু পরিববর্তন-এর প্রভাব জনিত সৃষ্ট ক্ষয়ক্ষতিকে বীমাযোগ্য ঝুঁকি রূপান্তরপূর্বক দেশে কৃষি তথা শস্য বীমা চালু করে এগিয়ে নেয়া সময়ের দাবী।

বাংলাদেশে শস্য বীমার গোড়ার কথা

বাংলাদেশে জাতীয় অর্থনীতিতে নন-লাইফ ইন্সুরেন্সের পেনিট্রেশনের হার খুবই নগণ্য। যদিও কৃষি দেশের অর্থনীতির প্রধান খাত, তথাপি মটর, নৌ, অগ্নি বীমা যে পরিমাণ গ্রহণযোগ্যতা পেয়েছে সেই তুলনায় কৃষি বীমা কৃষকদের মাঝে আগ্রহ সৃষ্টি করতে পারেনি। দেশের একমাত্র রাষ্ট্রীয় নন-লাইফ বীমা প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন ১৯৭৭ সালে সর্বপ্রথম ট্রেডিশনাল শস্য বীমা চালু করে। কিন্তু অতিমাত্রায় অপারেশনাল কস্ট, মর‍্যাল হ্যাজার্ড, জনসচেতনতা অভাব এবং পর্যাপ্ত প্রচার-প্রচারণা অভাবে কৃষকদের মধ্যে কৃষি বীমার চাহিদা গড়ে উঠেনি। তাছাড়া প্রায় প্রতিবছর প্রাকৃতিক দুর্যোগের মোকাবেলা ও ক্ষয়ক্ষতি নিরূপনে সহজ ও বৈজ্ঞানিক পদ্ধতি না থাকার ফলে দাবী পরিশোধের হার হয়ে উঠে অসহনীয় (প্রায় ৫০০%) ফলশ্রুতিতে কৃষি বীমা প্রায় বন্ধ হয়ে যায়। তারপরেও সাধারণ বীমা কর্পোরেশন সরকারের নির্দেশনা মোতাবেক কয়েকবার উদ্যোগ গ্রহণ করে। সাধারণ বীমা কর্পোরেশন বিভিন্ন সময়ে বিভিন্নভাবে চালুর চেষ্টা করলেও লক্ষ্যণীয় বিষয় হলো বাংলাদেশে প্রায় ৪৫টি বেসরকারী ন-লাইফ বীমা কোম্পানী থাকলেও ২০১৪ সাল পর্যন্ত কৃষি বীমা প্রচলনে কোন কোম্পানী এগিয়ে আসেনি। তবে আশার কথা হলো ২০১৪ সালের পরে সাধারণ বীমা কর্পোরেশনের পাশাপাশি দু-একটি বীমা কোম্পানী শস্য বীমা প্রচলনের কাজ শুরু করেছে।

আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা প্রচলন ও জনমূখী করার লক্ষ্যে সম্প্রতি গৃহীত পদক্ষেপ সমূহঃ

আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমার ধারনাঃ

জলবায়ু পরিববর্তন-এর প্রভাব জনিত ঝুঁকি মোকাবেলায় ট্রেডিশনাল শস্য বীমার সমস্যা ও বাঁধার বিষয়গুলি বিবেচনা নিয়ে আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা হতে পারে কৃষি সেক্টরের আবহাওয়া জনিত ঝুঁকি স্থানান্তরের একটি কার্যকর হাতিয়ার।

ম্যানেজার, সাধারণ বীমা কর্পোরেশন
বিপনন, ব্যবসা উন্নয়ন ও দায়গ্রহণ

- আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা আবহাওয়ার পরিবর্তনের সঙ্গে সম্পর্কযুক্ত একটি গাণিতিক ধারণা। মেট্রোলজিস্ট ও এ্যগ্রোনোমিস্টের পরামর্শ মোতাবেক অতীতের ২০-৩০ বৎসরের আবহাওয়া ডাটা ও ফসল উৎপাদনে ডাটার তুলনামূলক সম্পর্কে ভিত্তিতে বীমা প্রোডাক্ট প্রনয়ন করা হয় এবং লস রেসিও অনুযায়ী প্রিমিয়ামের হার নির্ধারণ করা হয়।
- একটি নির্দিষ্ট স্থানের আবহাওয়ার তথ্য যেমন- অতিরিক্ত বৃষ্টিপাত, বন্যা, খরা, তাপমাত্রা ইত্যাদি রিয়েল টাইম ডাটার সংরক্ষণ ও গণনার ভিত্তিতে বীমার দাবী পরিশোধ করা হয়। যা প্রকৃত ক্ষতির নিরীখে নয়।

- আবহাওয়া সূচকভত্তিকি শস্য বীমায় দেখা যায় এটি -
- সহজ ও স্বচ্ছ পদ্ধতি;
- দাবী নিরূপণ পদ্ধতি অত্যন্ত সহজ;
- অতি অল্প সময়ের মধ্যে দাবী পরিশোধ করা যায়;
- প্রশাসনিক খরচ কম, ফলে প্রিমিয়ামও অপেক্ষাকৃত কম; ও
- আন্তর্জাতিক পুনঃবীমাকরণের সুবিধা।

এডিবি'র সহায়তায় সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত 'আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমাঃ

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কৃষকদেরকে ক্ষয়ক্ষতি উত্তর স্বাবলম্বী হয়ে তাদের স্বাভাবিক কর্মকান্ড সচল রাখার জন্য অর্থ মন্ত্রনালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উদ্যোগে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর অর্থায়নে সাধারণ বীমা কর্পোরেশন ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত পরীক্ষামূলক ভাবে আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা প্রকল্প বাস্তবায়ন করে। এতে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর সহযোগিতা করে। পরীক্ষামূলক আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা প্রকল্প বাস্তবায়নে সাবীকের অভিজ্ঞতা নিম্নরূপঃ

- প্রকল্পের আওতায় খরাপ্রবন অঞ্চল হিসাবে রাজশাহী, বন্যা প্রবন অঞ্চল হিসাবে সিরাজগঞ্জ এবং সাইক্লোন প্রবন অঞ্চল হিসাবে নোয়াখালী এই ৩টি জেলার ২০টি উপজেলা ২০টি স্বয়ংক্রিয় আবহাওয়া স্টেশন (AWS) স্থাপন করা হয়েছে;
- ১৬,৪২৬ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষিকে বিভিন্ন সেমিনার ও FGD'র মাধ্যমে জলবায়ু সম্পর্কিত ঝুঁকি ও কৃষি ঝুঁকি ব্যবস্থাপনা কৌশল এবং পরীক্ষামূলক আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমা সম্পর্কে Sensitize করার পাশাপাশি প্রকল্প এলাকা ৭টি পাইলটিং-এর অধীনে ৯,৭০০ কৃষকের মধ্যে আবহাওয়া সূচক ভিত্তিক শস্য বীমার (WIBCI) পলিসি ইস্যু করা হয়েছে;

- ৮,২৩৬ টি পলিসির বিপরীতে কৃষকদেরকে দাবী পরিশোধ করা হয়েছে;
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর-এর আবহাওয়া স্টেশন ডাটা, প্রকল্পের আওতায় স্থাপিত AWS ডাটা এবং স্যাটেলাইট ভিত্তিক Remote Sensing ডাটার ভিত্তিতে প্রণীত WIBCI পলিসিতে অতিবৃষ্টি, অনাবৃষ্টি (খরা), অতিরিক্ত বৃষ্টিপাত জনিত বন্যা, ঝড় এবং Normalized Difference Vegetation Index (NDVI) ইত্যাদি ঝুঁকি কভার করে বোরো, আমন, আলু, পটল ও মরিচ মোট ৫টি ফসলকে বীমার আওতায় আনা হয়েছে;
- দাবীর অংক ছোট ছোট আকারের হওয়ায় মোবাইল ব্যাংকিং (বিকাশ) ব্যবহার করে কৃষকদেরকে সহজে ও দ্রুততম সময়ে পরিশোধ করা হয়।

সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত 'হাওড় বন্যা সূচক শস্য বীমাঃ

বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলীয় হাওড় এলাকা মেঘালয় পর্বতমালার পাদদেশে অবস্থিত হওয়ায় ঐ অঞ্চলের কৃষকদের উপাদিত ফসল ঘরে তোলার ঠিক পূর্ব মূহুর্তে প্রায়শঃ অতিরিক্ত বৃষ্টিপাত ও অপ্রত্যাশিত পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যা (Flash Flood) ক্ষতিগ্রস্ত হয়। এই আকস্মিক বন্যার অন্যতম কারণ জলবায়ু পরিবর্তনের প্রভাব ও ভারতের উত্তর-পূর্বাঞ্চলে ব্যাপক বৃষ্টিপাত। আর এই বৃষ্টিপাতে সঞ্চিত পানির প্রবাহের একমাত্র পথ হচ্ছে বাংলাদেশের উত্তর-পূর্বাঞ্চলীয় জলধারা। পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় এই এলাকা মানুষের জীবন-জীবিকা করে তোলে বিপর্যস্ত। তাই পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় (Flash Flood) ফসলের ক্ষয়ক্ষতিকে বীমাযোগ্য ক্ষতিতে রূপান্তর করে হাওড় অঞ্চলের কৃষকদের আর্থিক সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে সরকারের নির্দেশনায় সাধারণ বীমা কর্পোরেশন ২০২০ সালে পরীক্ষামূলকভাবে চালু করেছে **'হাওড় বন্যা সূচক শস্য বীমা'**। এ বীমার আওতায় বোরো মৌসুমে কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় ২০২০ সালে ৪১৫ জন ও ২০২১ সালে ৫২৫ কৃষককে এই বীমার আওতায় আনা হয়েছে। MODIS Satellite Data ব্যবহার করে আবহাওয়া প্যারামিটার হিসাবে Percent of inundated areas as total geographical area (3*3) km ধরে এই বীমা পলিসি প্রণীত হয়েছে।



সিনজেন্টা ফাউন্ডেশন কর্তৃক সুরক্ষা আওতায় গৃহীত পদক্ষেপঃ

জলবায়ু পরিবর্তনের প্রতিকূল প্রভাব মোকাবেলায় বাংলাদেশে টেকসই কৃষি ব্যবস্থা ও কৃষকদের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করার লক্ষ্যে সুইস দূতাবাস অর্থায়নে সিনজেন্টা ফাউন্ডেশন ফর সাসটেইনেবল এগ্রিকালচার কর্তৃক ২০১৮ সালের সেপ্টেম্বর থেকে বাস্তবায়িত 'Promoting Risk Mitigation Measures for Climate Change Adaptation' (সুরক্ষা)' প্রকল্প আওতায় সাধারন বীমা কর্পোরেশন এবং গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড বাণিজ্যিকভাবে আবহাওয়া সূচক শস্য বীমা পলিসি ইস্যু করছে। এই প্রকল্পের আওতায় এ পর্যন্ত মোট ২১৪ হাজার কৃষকের আমন ধান, বোরো ধান, আলু, ভুট্টা এবং শিমের ফসলের বীমা করা হয়েছে। যার মধ্যে ৩২ মহিলা কৃষক। বিভিন্ন বিতরণ চ্যানেল যেমন - ব্র্যাক সিনজেনটা বাংলাদেশ লিমিটেড, ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, গ্রাম উন্নয়ন কর্ম, জিবিকে এন্টারপ্রাইজ এবং ইজেএবি এগ্রো লিমিটেড ইত্যাদি ব্যবহার করে এই আবহাওয়া সূচক শস্য বীমা পলিসি কৃষকদের দ্বারে দ্বারে পৌঁছে

দেয়া হচ্ছে। প্রকল্পটি ১৬টি জেলার ৬৪টি উপজেলাতে সম্প্রসারিত হয়েছে। ইতোমধ্যে ৭০০ হাজারেরও বেশি কৃষকে বিভিন্ন সচেতনতামূলক প্রোগ্রামের মাধ্যমে শস্য বীমার গুরুত্ব এবং সুবিধা সম্পর্কে অবহিত করা হয়েছে। এছাড়াও বিভিন্ন পরিবেশক এবং বীমা কোম্পানির ২৫০ টিরও বেশি কর্মীকে আবহাওয়া সূচক-ভিত্তিক বীমা এবং এর পদ্ধতির উপর সক্ষমতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যারা কৃষকদের কাছে এই বীমা সম্পর্কে প্রচার-প্রচারনা করছে। বীমা নিষ্পত্তির জন্য বীমাকৃত কৃষকদের ২০ লাখ টাকারও বেশি ক্ষতিপুরণের অর্থ পরিশোধ করা হয়েছে।

আইএফসি - গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোং কর্তৃক গৃহীত পদক্ষেপঃ

ইন্টারন্যাশনাল ফিনান্সিয়াল কর্পোরেশন (আইএফসি)-এর সার্বিক সহায়তায় বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি গ্রীন ডেল্টা ইন্সুরেন্স কোং গ্রিডেড বৃষ্টিপাত-এর উপর ভিত্তি করে ক্ষুদ্রাকারে আবহাওয়া সূচকভিত্তি শস্য বীমা চালু করেছে। তারা ছোট ছোট আকারে কয়েকটি পাইলটিং সম্পন্ন করেছে। বর্তমানে তারা ক্ষুদ্র পরিসরে শস্য বীমা চালু রেখেছে।

অক্সফাম-প্রগতি ইন্স্যুরেন্স কোং কর্তৃক গৃহীত পদক্ষেপঃ

বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানি প্রগতি ইন্স্যুরেন্স কোং লিঃ আন্তর্জাতিক সাহায্য সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় পাইলটিং বেসিসে সিরাজগঞ্জ জেলার চরাঞ্চলের বন্যাক্রান্ত ১৪টি গ্রামে ১৬৬১ টি কৃষক পরিবারকে বন্যার ঝুঁকি হ্রাসে বন্যা সূচকভিত্তিক শস্য বীমা চালু করেছে। বর্তমানে তারা কৃষকদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি লক্ষ্যে কাজ করছে।

শস্য বীমা চালুর যৌক্তিকতাঃ

যে কোন সেক্টরকে সফল ও টেকসই বাণিজ্যিক পর্যায়ে রূপান্তরের অন্যতম পূর্বশর্ত হলো কার্যকরভাবে ঝুঁকি হ্রাস/স্থানান্তর করা। আর ঝুঁকি স্থানান্তরের প্রধান উপায় হলো বীমা। এ যাবত পরিচালিত শস্য বীমা কার্যক্রমের অভিজ্ঞতায় এটা প্রতীয়মান হচ্ছে যে, নিম্নোক্ত কারণে আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা চালু

- প্রতিনিয়ত আর্থিক ও প্রাকৃতিক দূর্যোগজনিত ঝুঁকি মোকাবেলা করেও কৃষি সেক্টর আজ বাণিজ্যিক পর্যায়ে রূপান্তরের জন্য এ জাতীয় শস্য বীমা অত্যন্ত কার্যকর;
- যে কোন ধরনের প্রাকৃতিক দূর্যোগে ফসলহানি হলে তা রোধ করা প্রায় অসম্ভব। কিন্তু বীমা করা থাকলে কৃষকদেরকে অন্তত উৎপাদন খরচের সমপরিমাণ আর্থিকভাবে ক্ষতিপুরণ করা সম্ভব। এতে কৃষকদের মনোবল চাঙ্গা থাকবে এবং আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারবে;
- প্রাকৃতিক দুর্যোগে সৃষ্ট ক্ষতিগ্রস্ততার অনুপাতে কৃষকেরা যে পরিমাণ ত্রাণ বা সাহায্য পায় তা প্রয়োজনের তুলনায় খুবই যৎসামান্য তাও যথাসময়ে পায় না। তাই রিলিফ বা সহযোগিতার দিকে তাকিয়ে না

থেকে দূর্যোগ পরবর্তীকালে বীমা দাবী থেকে প্রাপ্ত অর্থ দিয়ে পুনরায় উৎপাদন কাজে মনোনিবেশ করতে পারবে এবং নিজের পায়ে দাঁড়াতে পারে;

- রাষ্ট্র তথা সরকারের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা চাপ কমে, বাজেট বর্হিভূত/অতিরিক্ত দুর্যোগ ত্রাণ তহবিলের প্রয়োজনীয়তা হ্রাসকরণের মাধ্যমে উন্নয়ন কর্মকান্ডে অধিক অর্থ বরাদ্দ বৃদ্ধি এবং গ্রামীণ অর্থনীতির স্থিতিশীলতা নিশ্চিতকরণ সম্ভব;
- ব্যাংক, এনজিও এমএফআই সহ বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানগুলোর কৃষি লোনের রিকভারী রেট ও গুণগত উন্নয়নের পাশাপাশি ঋণগ্রহীতার পরিশোধের ক্ষমতা বৃদ্ধির নিশ্চয়তা বৃদ্ধি পায়;
- বিভিন্ন আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা'র পরীক্ষামূলক বাস্তবায়নের অভিজ্ঞতায় দেখা যায় আর্থিক ক্ষতির ঝুঁকি হ্রাস করে কৃষকের কৃষি আয়ের নিশ্চয়তা ঠিক রাখতে শস্য বীমা অত্যন্ত কার্যকরী।

শস্য বীমা বাস্তবায়েনে প্রতিকূলতা ও চ্যালেঞ্জঃ

এ যাবত পরিচালিত শস্য বীমা কার্যক্রমের অভিজ্ঞতায় দেখা যায় এই ধরনের শস্য বীমার ক্ষেত্রে কিছু প্রতিকূলতা ও চ্যালেঞ্জ রয়েছে, যেমন - বীমা বিষয়ে জনসচেতনতার অভাব ও নেতিবাচক ধারনা, কৃষকের আর্থিক অসচ্চলতা, বীমা প্রতিষ্ঠানের সক্ষমতার অভাব, কারিগরি দক্ষতা ও তথ্যে অভাব, অবকাঠামোর অনুপস্থিতি, যথাযথ বিতরনের মাধাম গড়ে না উঠা এবং সংশিষ্ট স্টেকহোল্ডার প্রতিষ্ঠানের অনাগ্রহ ইত্যাদি।

প্রতিকূলতা ও চ্যালেঞ্জ উত্তরণে সুপারিশঃ জাতীয় অর্থনীতি মজবুত করার লক্ষ্যে প্রাকৃতিক দূর্যোগের ফলে ফসল হানির ক্ষতি পুষিয়ে নিতে কৃষি তথা শস্য বীমা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তাই এই বীমা পরিকল্প বাস্তবায়নে সফলতা অর্জন করতে হলে রাষ্ট্রীয় ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে নিম্নোক্ত সুপারিশ গুলোর উপর জোর দেয়া একান্তভাবে প্রয়োজনঃ

- রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা ও দিক নির্দেশনায় সংশিষ্ট সকল স্টেকহোল্ডার প্রতিষ্ঠানগুলো যেমন - ডি.এ.ই, উপজেলা কৃষি অফিস, কৃষি ব্যাংক, বিএডিসি,বাংলাদেশ হাওড় ও জলাশয় উন্নয়ন অধিদপ্তর, স্থানীয় প্রশাসন, এনজিও, এমএফআই, জনপ্রতিনিধি এবং বিভিন্ন এগ্রিগেটদের নিবিড়ভাবে সম্পৃক্ত করে কৃষি / শস্য বীমা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা যেতে পারে। কেননা মাটপর্যায়ে কৃষকদের নিকট কৃষি কর্মকর্তাদের ব্যপকভাবে গ্রহণযোগ্যতা রয়েছে।
- শস্য বীমাকে কার্যকর উপায়ে বাস্তবায়নকল্পে বিশ্বের বিভিন্ন দেশের ন্যায় সাবসিডির ব্যবস্থা রাখা এবং প্রিমিয়ামে আরোপিত ভ্যাট মওকুফ করা যেতে পারে। সাবসিডি প্রদানের লক্ষ্যে সরকার ও বিভিন্ন দাতা সংস্থার অর্থায়নে একটি ফান্ড গঠন করে বীমা প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি, জনসচেতনতা সৃষ্টি এবং কৃষকদের বীমা গ্রহণে আগ্রহী করতে প্রিমিয়ামে আর্থিক সহায়তা হিসাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা যেতে পারে;
- শস্য বীমা প্রোডাক্টডিজাইন ও ক্ষয়ক্ষতি নিরূপনের নিমিত্তে সংশিষ্ট সকল স্টোকহোল্ডারদের নিকট থেকে প্রয়োজনীয় সকল ডাটা Free of cost ও সহজবোধ্যভাবে নির্ভুল ডাটা নিশ্চিত করণার্থে একটি কমন ডাটা প্লাটফর্ম (e - Flatform for common Data) তৈরী করা যেতে পারে।
- বিভিন্ন ব্যাংক এবং এনজিও-এমএফআইকে বিতরণের মাধ্যম হিসাবে ব্যবহার ও বিতরণকৃত কৃষি ঋণের সাথে শস্য বীমাকে বাধ্যতামূলক বান্ডেল প্রোডাক্টহিসাবে চালু করার বিষয়ে বিবেচনা করা যেতে পারে;
- প্রিমিয়াম কালেকশন ও উত্থাপিত দাবীর অংক কৃষকের হাতে পৌঁছে দেয়ার জন্য মোবাইল ব্যাংকিং চ্যানেলকে সম্পৃক্ত করা যেতে পারে;
- PPP-এর ভিত্তিতে সরকারি বেসরকারি নন-লাইফ বীমা কোম্পানিকে শস্য বীমা কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা যেতে পারে;
- শস্য বীমা ও গবাদি পশু বীমাসহ সংশিষ্ট বিভিন্ন ধরণের কৃষি বীমার জন্য কৃষিবান্ধব রেগুলেটরী ফ্রেমওয়ার্ক প্রণয়ন করা যেতে পারে; এবং
- আধুনিক তথ্যপ্রযুক্তি ব্যবহার করে শস্য বীমা প্রোডাক্টপ্রণয়নপূর্বক Trial & Error এর ভিত্তিতে বিভিন্ন জেলা-উপজেলায় পাইলটিং বাস্তবায়নপূর্বক হাওড় শস্য বীমার একটি স্থায়ী ও টেকসই মডেল প্রস্তুত করা যেতে পারে।

আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা চালু করার সম্ভাবনা

দেশের জিডিপিতে কৃষি সেক্টরের উলেখযোগ্য অবদান রেখে আসছে। কিন্তু প্রতিবছর বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ যেমন ঘূর্নিঝড়, খরা, বন্যা, Flash flood ইত্যাদি কারণে দেশের বিভিন্ন এলাকার কৃষকদের জানমাল ও ফসলাদি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়। এর ফলে কৃষকেরা আর্থিকভাবে মারাত্মক ক্ষতিগ্রস্থ হয়ে পড়ে। বিশেষ করে প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক পরিবারগুলো আর্থিক বিপর্যয়ের সম্মুখীন হয়ে একবারে নিঃস্ব হয়ে পড়ে। ফলে দেখা দেয় সামাজিক অস্থিরতা। প্রাকৃতিক দুর্যোগের পর আর্থিক দূরাবস্থার কারণে কৃষকগণ স্বাভাবিক কৃষি উৎপাদন ব্যবস্থা পূণর্গঠন করতে পারে না, ফলে কৃষি উৎপাদন ব্যাহত হয় এবং জাতীয় অর্থনীতির উপর চাপ পড়ে। এহেন পরিস্থিতি মোকাবেলার জন্য বিগত বছরগুলোতে জিডিপিতে কৃষির অবদান ক্রমাগত হ্রাস পেতে থাকায় সরকার দেশের কৃষি উন্নয়নে নানামুখী সরকার সমস্যা সমাধানের লক্ষ্যে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। ত্রান, নগদ সহায়তা, অবকাঠামোগত উন্নয়ন ইত্যাদি। তবে এই ধরনের পরিস্থিতিতে স্থানীয় অবকাঠামো উন্নয়নের পাশাপাশি কৃষকগণ যদি নিজেরা আর্থিকভাবে স্বাবলম্বী হতে পারে সেটাই হলো টেকসই সমাধান। তার জন্য কৃষকদের অনাকাঙ্খিত অনিশ্চয়তা বা ঝুঁকি অন্যত্র স্থানান্তর করতে পারে অর্থাৎ কৃষি সেক্টরে প্রাকৃতিক দূর্যোগে সৃষ্ট ক্ষয়ক্ষতিকে বীমাযোগ্য ক্ষতিতে (Insurable Loss) রুপান্তর করে ঝুঁকি গ্রহণকারী বীমা প্রতিষ্ঠানের নিকট তাদের ঝুঁকি স্থানান্তর করে আর্থিক ব্যাকআপ দেয় তবেই তারা স্বাবলম্বী হতে পারবে। এ ক্ষেত্রে কৃষকদের জন্য শস্য বীমা বিশেষভাবে ভূমিকা পালন করবে বলে আশা করা যাচ্ছে।

প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্থ কৃষকদের ক্ষতি কাটিয়ের উঠার লক্ষ্যে শস্য বীমা ব্যাপকভাবে সম্প্রসারণ করা গেলে দুর্যোগকালীন সময়ে শস্য উৎপাদন ব্যাহত হলেও বীমা থেকে প্রাপ্ত ক্ষতিপূরণের মাধ্যমে ক্ষতিগ্রস্থ কৃষকদের আর্থিক সহযোগিতা দেয়া সম্ভব হবে। দেশের প্রত্যন্ত অঞ্চলে কৃষি বীমা ছড়িয়ে দিতে পারলে এর প্রিমিয়ামের হার কমে আসবে এবং নন-লাইফ বীমা পেনিট্রেশনের বৃদ্ধি পাবে। এছাড়াও বৈদেশিক পুনঃবীমা প্রতিষ্ঠানের নিকট পুনঃবীমা করা থাকলে ক্ষয়ক্ষতির উদ্ভব হলে বৈদেশিক পুনঃবীমাকারীর নিকট থেকে একটা বড় অংশ আদায় করে দেশের অর্থনীতিতে যোগ করা সম্ভব। ফলে দুর্যোগকালীন সময়ও কৃষকদের আয় স্থির থাকবে ও কৃষকগণ তাদের মনোবল ফিরে পাবেন এবং পূর্ণোদ্যমে পুনরায় কৃষি উৎপাদনে মনোনিবেশ করতে পারবেন। এতে দেশে টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিত করাও সম্ভব হবে। সামগ্রিকভাবে কৃষি তথা দেশের অর্থনৈতিক ভিত মজবুত হবে।

জাতির পিতার সাথে বীমা খাতের কিছু স্মৃতি

বীমায় বঙ্গবন্ধু

আলফা ইন্স্যুরেন্স অফিস, ১৪ জিন্নাহ এ্যাভিনিউ (বর্তমানে বঙ্গবন্ধু এ্যাভিনিউ) : হোসেন শহীদ সোহরাওয়ার্দী, শেখ মুজিবুর রহামন, ইউসুফ আব্দুল্লাহ হারুন, তোফাজ্জল হোসেন মানিক মিয়া ও আলফা ইন্স্যুরেন্সের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

Mr. Golam Mowla, Managing Director, Great Eastern Insurance Co. Ltd. gave a dinner in honour of the delegates attending the R.C.D. Re-insurance meetings. In the picture from left are Dr. A. R. Sahib (Iran), H.E. Dr. Farhang Mehr, leader of the Iranian delegation, Sheikh Mujibur Rahman, Mr. Ataur Rahman Khan, Mr. Faruk Seven, leader of the Turkish delegation, Mr. Omer Yalaizogis, (Turkey) and the host.

পাকিস্তান ইন্সাচুরেন্স সমিতির ভাইস চেয়ারম্যান জনাব গোলাম মাওলা দুর্গতদের জন্য শেখ মুজিবর রহমানের হাতে একটি চেক প্রদান করছেন

মানুষকে ভালোবাসলে
মানুষও ভালোবাসে।
যদি সামান্য ত্যাগ স্বীকার করেন,
তবে জনসাধারণ আপনার জন্য
জীবন দিতেও পারে

বঙ্গবন্ধু



৩০৫৩ দিন



‘এ স্বাধীনতা আমার ব্যর্থ হয়ে যাবে
যদি আমার বাংলার মানুষ পেট ভরে
ভাত না খায় । এই স্বাধীনতা আমার
পূর্ণ হবে না যদি বাংলার মা-বোনেরা
কাপড় না পায়। এ স্বাধীনতা আমার
পূর্ণ হবে না যদি এদেশের মানুষ যারা
আমার যুবক শ্রেণী আছে তারা
চাকুরী না পায় বা কাজ না পায়’

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর

সূত্র: বজাস্মৃজা- ২/২০১৭/৭১৫০ | তারিখ: ০৩.০৭.২০১৭

বিষয় ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১লা মার্চ ১৯৬০ সালে আলফা ইনসুরেন্স এন্ড কোম্পানীতে যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানান যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১লা মার্চ ১৯৬০ সালে আলফা ইনসুরেন্স এন্ড কোম্পানীতে যোগদান করেন।

সংযুক্ত ঃ আই বি রিপোর্ট (১ পাতা)

(মো. নজরুল ইসলাম খান)
কিউরেটর
ফোন ঃ ৯১১১১১০ (অ.)

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বঙ্গবন্ধু ভবন, সড়ক-৩২, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯, বাংলাদেশ, ফোন: ৯১১৬৭০০, ফ্যাক্স: ৯১০১১৫৫
Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman Memorial Museum, Bangabandhu Bhaban, Road-32, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh, Phone: 9116700
Fax: 9101155, E-mail: bangabandhumuseum@gmail.com

Basics of Business Interruption Insurance

Pradip Sarkar

What is Business Interruption (BI) Policy?

In a business if there is damage or loss to the machines or other assets there may be two losses - first is financial loss towards repair or replacement of such machines or assets and second is loss profit due to interruption of business. The opening one is the direct loss and coming one is the consequential loss arising out of first one. While Material Damage policies like Fire, Machinery Breakdown etc provides indemnity for loss to assets, Business Interruption Policy provides cover against Loss of Profit. .

